


চিনে মিলল করোনার নয়া প্রজাতি, ফের অতিমারীর আশঙ্কায় গবেষকরা!

বেজিং, ৭ জুন : করোনার আঁতুড়খর হল চিন। সেখানেই মিলল মারণ ভাইরাসের নতুন ভ্যারিয়েন্ট। এইকেইউ৫-কোভ-২ নামে এই নয়া প্রজাতির মিউটেশন একটু এদিক-ওদিক হলেই ফের ভয়াবহ হয়ে উঠবে ভাইরাসটি! যার জেরে আবার শুরু হতে পারে অতিমারী। ছ হু করে ছড়াবে সংক্রমণ। মৃত্যু হতে পারে লক্ষ লক্ষ মানুষের। হতে পারে লকডাউনও! এমনই জানিয়ে সতর্ক করেছেন চিনের বিজ্ঞানীরা। পাঁচ বছর আগে কোভিড ১৯-এর দাপটে সংক্রমণ-মৃত্যু-লকডাউনের সাক্ষী হয়েছে পৃথিবী। গত কয়েক মাস ধরেই দক্ষিণ-পূর্ব এশিয়ার বেশ কিছু দেশে নতুন করে করোনা ছড়াচ্ছে। ইতিমধ্যেই ভারতে সংক্রমিতের সংখ্যা পাঁচ হাজার ছাড়িয়েছে। যদিও এই মুহুর্তে ভারতে করোনা ভাইরাসের যে প্রজাতিগুলি (এবিবি.১.৮.১ ও জেএন.১) সংক্রমণ ছড়াচ্ছে সেগুলির মারাত্মকতা অনেকটা কম বলেই দাবি করেছে ভারতীয় বিজ্ঞানী ও চিকিৎসক মহলা। কিন্তু চিনের নয়া ভাইরাসের ধরন পরিবর্তিত হলে বিপদ আসতে বেশি সময় লাগবে না। চিনের নয়া ভাইরাসটিতে যে প্যাথোজেন পাওয়া গিয়েছে সেটি মার্স ভাইরাস গোত্রের। এই ভাইরাসে আক্রান্তদের এক-তৃতীয়াংশর মৃত্যু হওয়ার ঝুঁকি থাকে। শুক্রবার কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রক জানিয়েছে, গত ২৪ ঘণ্টায় ভারতে করোনায় মৃত্যু হয়েছে চারজনের। সক্রিয় রোগীর সংখ্যা ৫,৩৬৪। কেরলে সর্বাধিক সংক্রমিত। আক্রান্তের সংখ্যা ছাড়াও ১৬০০। দিল্লিতে আক্রান্ত ৫৯২। গড়ে রোজ ১২০০ আরটি-পিসিআর টেস্ট হচ্ছে রাজধানীতে। গুজরাতে, পশ্চিমবঙ্গেও ক্রমেই বাড়ছে সংক্রমণ। গত ২৪ ঘণ্টায় বাংলায় নতুন করে সংক্রমিত হয়েছে ১০৬ জন।২০২০ সালে অতিমারীর সময়ে চিনের একটি গবেষণাগারে বর্তমানে চিনে নতুন করে ছড়িয়ে পড়া এইচকেইউ-৫ ভাইরাসের পরীক্ষাও হয়েছিল। সেই ভাইরাস মানবদেহে খুব সহজেই সংক্রমিত হয় বলে জানান ওয়াশিংটন স্টেট ইউনিভার্সিটির অধ্যাপক গবেষক মাইকেল লেটসে। এইচকেইউ-৫ ভাইরাসের প্রোটিনে সামান্যতম পরিবর্তন হলেই সেটি মানবশরীরের এসিই-২ কোষে দ্রুত সংক্রমিত হবে।

অসুস্থ সোনিয়া গান্ধী

নয়াদিল্লি, ৭ জুন : ফের অসুস্থ সোনিয়া গান্ধী। শিমলায় বেড়াতে গিয়ে হঠা অসুস্থ হয়ে পড়েনেন প্রাক্তন কংগ্রেস সভানেত্রী। তাঁকে তড়িঘড়ি শিমলার ইশিারা গান্ধী মেডিক্যাল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। সেখানে আপাতত তাঁর শারীরিক পরীক্ষানিরীক্ষা চলছে। করা হচ্ছে MR। বেশ কিছুদিন ধরেই অসুস্থ ৭৮ বছরের সোনিয়া। বিভিন্ন শারীরিক সমস্যার চিকিৎসা করছেন তিনি। দুবার কোভিডেও আক্রান্ত হয়েছেন। কোভিড থেকে সরে উঠলেও নানা শারীরিক জটিলতায় ভুগতে হচ্ছে প্রাক্তন কংগ্রেস সভানেত্রীকে। সূত্রের খবর, আজ শনিবারও অসুস্থ হয়ে পড়েন সোনিয়া।

মহারাষ্ট্র নির্বাচনে ‘ম্যাচ-ফিক্সিং’ খোঁচা রাহুলের



নয়াদিল্লি, ৭ জুন : গত বছর মহারাষ্ট্রের বিধানসভা নির্বাচনে ব্যাপক জনমত নিয়ে সরকার গঠন করেছে বিজেপি নেতৃত্বাধীন মহাযুতি জেট। মারাঠা ভূমে ১৪৯টি আসনে লড়াই করে ১৩২টি আসনে জিতেছে বিজেপি। যা ইতিহাসে সেরাচিহ্ন। এছাড়াও একাধিক শিঙের শিব সেনা ৫৭টি এবং অজিত পাওয়ার গোষ্ঠীর এনসিপি ৪১ আসনে জয়ী হয়। মহাযুতি জেটের এই জয়কেই এবার

‘ম্যাচ-ফিক্সিং’ বলে কটাক্ষ করলেন কংগ্রেস সাংসদ তথা লোকসভার বিরোধী দলনেতা রাহুল গান্ধী। তিনি তাঁর এক্স হ্যান্ডেলে লেখেন, ‘মহারাষ্ট্র’ বিধানসভা নির্বাচনে পুরোটাই কারচুপি করে জিতেছে বিজেপি। ভোট কীভাবে জালিয়াতি করতে হয়, তা বিজেপির থেকে শেখা উচিত। আসন্ন বিহার বিধানসভা নির্বাচনেও কারচুপির পরিকল্পনা করেছে বিজেপি। গোক্রমা শিবিরের এই ‘ম্যাচ-ফিক্সিং’ পদ্ধতি এবার বিহারেও দেখা যাবে। শুধু তাই নয়, যেখানে যেখানে তারা হারতে পারে, সেখানেই তারা এই পদ্ধতি অবলম্বন করবে।’ রাহুলের দাবি, মহারাষ্ট্রের বিধানসভা নির্বাচনে কারচুপি করতে বিজেপি পাঁচ ধাপের একটি মডেল বানিয়েছিল। শুধু তাই নয়, মোদি সরকার নিজেদের সুবিধার জন্য ২০২৩ সালে নির্বাচন কমিশনার নিয়োগের জন্য সংশোধিত আইন এনেছে বলেও দাবি করেছেন তিনি। রাহুল তাঁর এক্স হ্যান্ডেলে লেখেন, ‘নির্বাচনে কারচুপি করার প্রথম ধাপ হল নির্বাচন কমিশন নিয়োগের প্যানেলে জালিয়াতি করা। দ্বিতীয়ত, ভোটার লিস্টে ভুলো ভোটার প্রবেশ করানো। তৃতীয়ত, ভোটের হার বেশি করে দেখানো। চতুর্থত, বিজেপি যেখানে জিততে চায় সেখানে বেশি করে জালিয়াতির জাল বিস্তার করা। পঞ্চমত, প্রমাণ গোপন করা।’ যদিও রাহুলের এই অভিযোগ খণ্ডন করেছে গোক্রমা শিবির। বিজেপির আইটি সেকের প্রধান অমিত মালব্য বলেন, রাহুলের অভিযোগ সম্পূর্ণ ভিত্তিহীন। মানুষকে বিভ্রান্ত করার চেষ্টা। কংগ্রেস যখন জেতে তখন ব্যবস্থা স্বচ্ছ কিন্তু কংগ্রেস হারলেই যড়যন্ত্রের অভিযোগ আনে।

দুই শিফটে নয়, এক শিফটেই নিট-পিজি! নির্দেশ দিল সুপ্রিম কোর্ট

নয়াদিল্লি, ৭ জুন : আগেই তিরস্কার করেছিল সুপ্রিম কোর্ট। দুই দফায় স্নাতকোত্তরে মেডিক্যাল প্রবেশিকা পরীক্ষা নিট পিজি নেওয়ার যথার্থতা নিয়েও প্রশ্ন তুলেছিল দেশের শীর্ষ আদালত। এবার-সেই নির্দেশের পর প্রত্যাশা মতোই পিছিয়ে গেল স্নাতকোত্তর স্তরে মেডিক্যালের ভর্তির পরীক্ষা সুপ্রিম কোর্ট শুক্রবার ন্যাশনাল বোর্ড অফ এগজামিনেশনকে বলে, ৬ আগস্ট এক শিফটে এই পরীক্ষা পরিচালনা করতে পারে তারা। বিচারপতি প্রশান্ত কুমার মিশ্র এবং বিচারপতি অগাস্টিন জর্জ মাসিহের বৈধ প্রাথমিকভাবে এনবিই-কে প্রশ্ন করেছিলেন, কেন এই পরীক্ষা করাকে দুই মাসের বেশি সময় চাইছে তারা। শেষ পর্যন্ত দুই তরফের সওয়ালের পর ৬ আগস্ট এই পরীক্ষা নেওয়ার জন্য অনুমতি দেওয়া হল এনবিই-কে। শীর্ষ আদালত অবশ্য পস্পষ্ট করে দিয়েছে যে, নিট পিজি পরীক্ষা অনুষ্ঠিত করার জন্য কোনও মতেই আর বাতি সময় দেওয়া হবে না এনবিই-কে। পূর্ব ঘোষণামতো এর আগে ১৫ জুন দুই দফায় এই পরীক্ষা হওয়ার কথা ছিল। কিন্তু তাতে দুই সেট প্রশ্নে ভারসাম্য থাকতে পারে কি না তা নিয়ে সংশয় দেখা দেয়। স্বচ্ছতার স্বার্থেই সিঙ্গল-শিফটে এই পরীক্ষা নিতে নির্দেশ দিয়েছিল সুপ্রিম কোর্ট। এই আবহে ১৫ জুনের পরীক্ষা স্থগিত হয়। এদিকে এক শিফটে পরীক্ষা করতে দুই মাসের বেশি সময় চেয়েছিল এনবিই। যুক্তি ছিল যে শীর্ষ আদালতের ৩০ মে-র আদেশ অনুসারে পরীক্ষা এক শিফটে অনুষ্ঠিত করতে হবে প্রায় এক হাজার পরীক্ষার্থীদের প্রয়োজন। প্রতি বছর মেডিক্যালের বিভিন্ন বিষয়ে এমডিএমএসপিজি ডিপ্লোম্যাডিনেরি-র জন্য নিট পিজি-র আয়োজন করা হয়। কম্পিউটারের মাধ্যমে বা সিটিবি-র মাধ্যমেই নেওয়া হয় নিট পিজি। এই পরিস্থিতিতে এনবিইর আবেদনে বলা হয়, ব্যবস্থাপনা যতক্ষণ না পর্যন্ত ঠিক হচ্ছে, ততদিন পরীক্ষা নেওয়া সম্ভব নয়।

প্রধানমন্ত্রী মোদীকে কটাক্ষ রাজ্যের মন্ত্রী ফিরহাদের



কলকাতা, ৭ জুন : বিভিন্ন বিষয়ে ফের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে কটাক্ষ করলেন রাজ্যের মন্ত্রী ফিরহাদ হাকিম। শনিবার চেতলা মসজিদে নামাজ শেষ করে সাংবাদিকদের মুখোমুখি হয়ে প্রধানমন্ত্রীকে এক হাত নেন কলকাতা গত মাসের শেষে বাংলা সরকারে এসেছিলেন মোদী। চলতি মাসের ২০ তারিখেও ফের বঙ্গ সফরে আসার কথা রয়েছে প্রধানমন্ত্রী। এ প্রসঙ্গে বলতে গিয়ে ফিরহাদ বলেন, ভোট এলেই ওরা বাংলায় ডেইলি প্যাসেঞ্জার শুরু করে। এখানেও সেটা শুরু করেছে। তবে আগের বারের ২০০ পারের ডাকের মতো এবারও বাংলার মানুষ ওদের পগারপার করে কেবে। অপারেশন সিঁদুর নিয়ে প্রধানমন্ত্রীর বিরুদ্ধে রাজনীতি করার অভিযোগ আনেন ফিরহাদ। তিনি বলেন, গায়ে মানে না আপনি মোড়ল। সেনাবাহিনী লড়াই করল, এখানে প্রধানমন্ত্রীর কোনও কৃতিত্ব নেই, বরং উনি একটা বড় দেশের ভয়ে কাপুরুষের মতো সেনাবাহিনীকে আটকে দিয়েছেন। আবার রাজ্যে ঘুরে ঘুরে সেনার সাফল্য নিয়ে রাজনীতি করছেন।

ভারত-মায়ানমার সীমান্তে অনুপ্রবেশের চেষ্টা! গুলির লড়াইয়ে পিছু হটল জঙ্গিরা

ময়াদিল্লি, ৭ জুন : ভারত-পাক অশান্তির আবহেই এবার অরুণাচল প্রদেশের ভারত-মায়ানমার সীমান্তে অনুপ্রবেশের চেষ্টা জঙ্গিদের। যদিও সীমান্তরক্ষী বাহিনীর তৎপরতায় জঙ্গিদের সেই প্রচেষ্টা ব্যর্থ হয় বলে জানা গিয়েছে। প্রতিরক্ষা মন্ত্রকের তরফে জানানো হয়েছে, বৃহস্পতিবার রাতে ভারত-মায়ানমার সীমান্তের লংফিং জেলায় একদল জঙ্গি অনুপ্রবেশের চেষ্টা করে। বিষয়টি টহলরত নিরাপত্তা বাহিনীর জওয়ানদের নজরে আসতেই জঙ্গিদের সঙ্গে গুলির লড়াই শুরু হয়ে যায়। নিরাপত্তা বাহিনীর বাধা পেয়ে পিছু হটতে বাধ্য হয় জঙ্গিরা। প্রতিরক্ষা মন্ত্রকের মুখপাত্র



জানিয়েছেন, সীমান্ত এলাকায় জঙ্গিদের অনুপ্রবেশের তৎপরতা চোখে পড়তেই রুখে দাড়ায় নিরাপত্তা বাহিনী। জওয়ানদের দেখতেই গুলি চালাতে শুরু করে জঙ্গিরা। পাল্টা জঙ্গিদের অনুপ্রবেশের চেষ্টার বিষয়টি চোখে পড়ে জওয়ানদের দেখেই গুলি চালাতে শুরু করে জঙ্গিরা। পাল্টা জবাব দেওয়া হয় জওয়ানদের তরফেও। এরপরই পিছু হটতে শুরু করে জঙ্গিরা। জানা গিয়েছে, গুলির লড়াইয়ের পর জঙ্গিরা পালিয়ে গেলেও ওই এলাকায় নিরাপত্তা বাহিনী চালাই করা হয়েছে। পাশাপাশি কীভাবে জঙ্গি অনুপ্রবেশের চেষ্টা হল সেই বিষয়টিও খতিয়ে দেখা হচ্ছে।

বিশ্বব্যাঙ্কের নয়া রিপোর্ট এক দশকে দারিদ্র থেকে মুক্তি ২৭ কোটি মানুষের!

নয়াদিল্লি, ৭ জুন : গত এক দশকে দেশে দারিদ্রসীমা থেকে বেরিয়ে এসেছেন প্রায় ২৭ কোটির বেশি মানুষ। বিশ্বব্যাঙ্কের নয়া রিপোর্টে



এমনটাই দাবি করা হয়েছে। সেখানে জানানো হয়েছে, ২০১১-১২ সালে যেখানে দেশে দারিদ্রসীমার নিচে ছিলেন ৬৪ কোটি ৪৪ লক্ষ ৭০ হাজার মানুষ। ২০২২-২৩ সালে তা কমে দাঁড়িয়েছে ৭ কোটি ৫২ লক্ষ ৪০ হাজার। অর্থাৎ এই সময়ের মধ্যে দেশে দারিদ্রসীমার থেকে বেরিয়ে এসেছেন ২৬ কোটি ৯২ লক্ষ ৩০ হাজার মানুষ। রিপোর্ট থেকে জানা যাচ্ছে, ২০১১-১২ সালে উত্তরপ্রদেশ, মহারাষ্ট্র, বিহার, পশ্চিমবঙ্গ, মধ্যপ্রদেশ- এই পাঁচ রাজ্যের মানুষই মোট দরিদ্রের ৬৫ শতাংশ ছিলেন। ২০২২-২৩ সালে তা দুই-তৃতীয়াংশ হ্রাস পেয়েছে। বিশ্ব

দেখা যাচ্ছে, গ্রামে দারিদ্রেরখার নিচে যেখানে আগে ছিল ১৮.৪ শতাংশ, তা এখন ২.৮ শতাংশ। সেখানে গত ১১ বছরে শহরের দারিদ্রসীমার নিচে থাকা মানুষের শতকরা হার ১০.৭ শতাংশ থেকে নেমে মাত্র ১.১ শতাংশে দাঁড়িয়েছে। দেশে দারিদ্র আছে কি নেই, এই নিয়ে প্রচার ও পাল্টা প্রচার শাসক ও বিরোধীদের বরাবরের কৌশল। যদিও সাম্প্রতিক ভারতে নির্বাচনী কৌশল হিসাবে দারিদ্র, বেকারত্বের মতো বিষয়গুলি গুরুত্ব হারাচ্ছে, ক্রমশ গুরুত্বপূর্ণ হয়ে উঠছে ধর্ম। এর পরেও অবশ্য লোকসভা দুই-তৃতীয়াংশ হ্রাস পেয়েছে। বিশ্ব

আয়োগ দাবি করেছিল, মোদি সরকারের দশ বছরে ২৪.৯ কোটি মানুষ দারিদ্রসীমা থেকে বেরিয়ে এসেছেন। এই বক্তব্যকে হাতিয়ার

চলতি মাসেই নন্দীগ্রামে মোদি! ‘ডেলি প্যাসেঞ্জারি কাজে আসবে না’, কটাক্ষ তৃণমূলের

নয়াদিল্লি, ৭ জুন : এখন থেকে আগামী বছরের বিধানসভা নির্বাচন পর্যন্ত প্রতি মাসেই বঙ্গ সফরে আসবেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। বিজেপি সূত্রে এগণ্ডই সংবাদ পাওয়া গিয়েছে। জানা গিয়েছে, মে মাসের শেষদিকে উত্তরবঙ্গের আলিপুরদুয়ারে জনসভা করার পরে এবারে ২০ জুন নন্দীগ্রামে প্রধানমন্ত্রী জনসভা করতে পারেন বলে



রাজ্য বিজেপির অন্দের জল্পনা তুঙ্গে। ২০২৩ সালে কেন্দ্রীয় সরকার ২০ জুন তারিখকে রাজ্যের প্রতিষ্ঠা দিবস তথা ‘পশ্চিমবঙ্গ দিবস’ হিসেবে পালনের নির্দেশ দিয়েছিল। ১৯৪৭ সালে বঙ্গভাগের সিদ্ধান্তকে স্মরণ করে গত কয়েক বছর ধরে এই দিনটি বিজেপির কাছে একটি গুরুত্বপূর্ণ রাজনৈতিক ইস্যু হয়ে উঠেছে। নন্দীগ্রাম বিজেপির কাছে রাজনৈতিকভাবে গুরুত্বপূর্ণ। তাই সেখান থেকে প্রধানমন্ত্রী ‘পশ্চিমবঙ্গ দিবস’ পালন করে জোরালো রাজনৈতিক বার্তা দিতে চাইছেন বলেই মনে করছেন রাজনৈতিক বিশ্লেষকরা। উল্লেখ্য, বিজেপি ২০ জুনকে পশ্চিমবঙ্গ দিবস ঘোষণা করার পর মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এর তীব্র বিরোধিতা করেছিলেন। তিনি এই দিনটি বাঙালির জন্য ‘কালো দিন’ বলে মন্তব্য করেন। কারণ এটি বঙ্গবিভাজনের স্মৃতি বহন করে। প্রধানমন্ত্রীর বঙ্গ সফরকে অবশ্য পাতা দিতে নারাজ তৃণমূল কংগ্রেস। বিজেপির কেন্দ্রীয় নেতারা পরিযায়ী এবং তাদের বাংলায় ‘ডেলি প্যাসেঞ্জারি’ কোনও কাজে দেবে না বলেই মনে করছে তৃণমূল। এ প্রসঙ্গে দলের অন্যতম রাজ্য সাধারণ সম্পাদক কুণাল ঘোষ বলেছেন, মোদি বাংলায় যেখানে খুশি আসতে পারেন। নানা রঙের লোকজন আগেও এসেছেন। এসে কী হয়েছে। বাংলার মানুষ বিজেপির আসল চেহারা কী তা জেনে গিয়েছে। যতবার ওঁরা বাংলায় আসবেন ততবারই মানুষ দেখতে পাবে যে, থালি হাতে এসেছেন, বকেয়া টাকা দিচ্ছেন না। এসব করে কোনও লাভ হবে না। বিজেপি আগেও হেরেছে, এবারেও হারবে। ২০ জুন পশ্চিমবঙ্গ দিবস নিয়েও মোঁচা দিয়ে কুণাল বলেন, পশ্চিমবঙ্গ দিবস কিনা জানি না। ওদিন আমার জন্মদিন। তাঁর কটাক্ষ, পশ্চিমবঙ্গ দিবস ঠিক হয়ে গিয়েছে। বিশিষ্ট জনদের মতামত নিয়েই পয়সা পশ্চিমবঙ্গ দিবস ঠিক হয়েছে। বাংলার শিল্পী, গবেষকরা এবারে পয়সা বৈশাখ তা পালনও করেছেন। এখন ওরা জোর করে ২০ জুনকে চাপিয়ে দিতে চাইছে। বাংলার মানুষ তা মেনে নেবেন কেন প্রশ্ন তাঁর।

বাংলাদেশে চরমে অস্থিরতা, ডিসেম্বরেই ভোট চায় বিএনপি

ঢাকা, ৭ জুন : ২০২৬ সালের এপ্রিল মাসের প্রথমার্ধে নির্বাচন হবে। শুক্রবার জাতির উদ্দেশে ভাষণ দেওয়ার সময় এমনটাই ঘোষণা করেছিলেন বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা মহম্মদ ইউনুস। কিন্তু সেই তারিখ মানতে নরাজ বিএনপি। তারা পরিস্কার জানিয়েছে, তাদের দাবিমতো ডিসেম্বরেই নির্বাচন করতে হবে। অন্যথায় তারা আন্দোলনের পথে নামবে।



রাষ্ট্রা অবরোধের হুমিয়ারিও দেওয়া হয়েছে। দলীয় ঠেঠেকের পর বিএনপির তরফে যে বিবৃতি দেওয়া হয়েছে, সেখানে বলা হয়েছে, ‘২০২৪ সালের জুলাই-আগস্ট মাসে ছাত্র-জনতার বিরাট ভ্যাগের মাধ্যমে এই বিজয় অর্জিত হয়েছিল। কিন্তু নির্বাচনে অপ্রয়োজনীয় বিলম্ব মানুষকে হতাশ এবং ক্ষুব্ধ করেছে। এই পরিস্থিতিতে রমজান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষা এবং আবহাওয়ার পরিস্থিতি বিবেচনা করে ডিসেম্বরের মধ্যে নির্বাচন অনুষ্ঠানের প্রস্তাব পুনর্বাচন করা হয়েছে এদিনে ঠেঠেকা।’ ডিসেম্বরেই নির্বাচন করতে বিএনপি, জামাত-সহ বিভিন্ন বিরোধী শিবিরের চাপের মধ্যেই শুক্রবার ইউনুস ঘোষণা করেন, ভোট হবে এপ্রিলে। তাঁর যুক্তি, দেশে অন্তর্বর্তী সরকার গঠনের পর তিনটি কাজের দায়িত্ব নেওয়া হয়েছিল- সংস্কার, বিচার, নির্বাচন। সেসব কাজ শেষের পরই নির্বাচন হতে পারবে। এবিষয়ে দেশবাসীকে দিশা দেবে নির্বাচন কমিশন।

কিন্তু এই যুক্তি মানতে চাইছে না বিএনপি। তাদের সাফ কথা, নির্বাচনকে অতদূর টেনে নিয়ে যাওয়ার অর্থই হয় না। এপ্রিলের প্রথম সপ্তাহে নির্বাচনের অর্থই আত্মগোপন সেখানে প্রতিকূল ভূমিকা পালন করবে। তার উপরে সেমাসের দ্বিতীয়টুকু শুরু হয়ে যাবে রমজান। এই পরিস্থিতিতে ডিসেম্বরেই নির্বাচন করার সপক্ষে ইউনুস যা যুক্তি দেখাচ্ছেন তা ভিত্তিহীন। প্রসঙ্গত, গত কয়েক সপ্তাহ ধরেই ইউনুস সরকারের উপর একেবারে খড়গহস্ত হয়ে উঠেছে বাংলাদেশের অন্যতম বৃহত্তম রাজনৈতিক দল বিএনপি। বারবার সংস্কারের কথা বলে নির্বাচনে কালক্ষেপ করা হচ্ছে বলে অভিযোগে সরব খালেদা জিয়ার দল। তারা চায়, দ্রুত নির্বাচন। অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা নোবেলজয়ী ইউনুস ‘ বলেই এখন নির্বাচন চাইছেন না বলে অভিযোগে সরব বিএনপি। সেই ক্ষোভই ফের প্রকাশ করে ডিসেম্বরের মধ্যেই বাংলাদেশে নির্বাচন করানোর দাবিতে সরব হল তারা। যাকে ঘিরে ফের বাংলাদেশের আকাশে ঘনীভূত রাজনৈতিক অস্থিরতার কালো মেঘ।

পহেলগাঁও হামলার নিন্দায় মুখর ‘পাকবন্ধু চিন’! ভারতের পাশে থাকার বার্তা ইরানের

নয়াদিল্লি, ৭ জুন : এ যেন ভূতের মুখে রাম নাম। পহেলগাঁও হামলার প্রতিবাদ জানিয়ে ও সন্ত্রাস দমনে ভারতের পাশে থাকার বার্তা ব্রিকস সংসদীয় ফোরামের। যে ফোরামের অন্যতম সদস্য আন্তর্জাতিক আভিমান্য ‘পাক বন্ধু’ বলে পরিচিত চিনও! এক যৌথ বিবৃতি দিয়ে সন্ত্রাস দমনে ভারতের পাশে থাকার বার্তা দিয়েছে ফোরামের সদস্য সমন্বিত দেশ। যার মধ্যে রয়েছে ইরান পাকিস্তানও। এর ফলে কূটনৈতিক মহলে পাকিস্তানের উপরে চাপ যে আরও বাড়ল, তা পরিস্কার। ব্রাজিলের ব্রাসিলিয়ায় অনুষ্ঠিত ১১ তম ব্রিকস পার্লামেন্টারিতে অংশ নিয়েছে ভারত, ব্রাজিল, রাশিয়া, চিন, দক্ষিণ আফ্রিকা, ইরান, সংযুক্ত আরব আমিরশাহি, মিশর,

ইথিওপিয়া এবং ইন্দোনেশিয়া। সেই অনুষ্ঠানেই লোকসভার স্পিকার ওম বিডলার সভাপতিত্বে একটি উচ্চ পর্যায়ের বৈঠক অনুষ্ঠিত হয়। সেখানেই পহেলগাঁও হামলার প্রতিবাদ জানানো হয়। পাশাপাশি একটি যৌথ বিবৃতি দিয়ে সন্ত্রাস দমনে ভারতের পাশে থাকার বার্তা দেয় চিন, ইরান-সহ বাকি দেশগুলি। সন্ত্রাস রুখতে বিভিন্ন দেশের মধ্যে গোয়েন্দা তথ্য ভাগাভাগি, উন্নত প্রযুক্তির ব্যবহার-সহ একাধিক প্রস্তাব দেন ওম বিডলা। ৫ জুন শেষ হওয়া দুদিনের ব্রিকস সংসদীয় ফোরামে বিশ্ব শান্তি

প্রতিষ্ঠা, বাণিজ্য সংক্রান্ত বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করা হয়।

সংসদীয় ফোরামের আসর বসবে ভারতে।



উল্লেখ্য, গত ২২ এপ্রিল পহেলগাঁওয়ে হামলা চালায় পাক মদতপুষ্ট সন্ত্রাসবাদীরা। ধর্ম দেখে দেখে গুলি করে হত্যা করা হয় পর্যটকদের। জঙ্গিদের হামলায় ২৬ জন সাধারণ মানুষের মৃত্যু হয়। এরপরই পাকিস্তান ও পাক অধীত্বক কাম্বোজে থাকা সন্ত্রাসবাদীদের ঘাঁটি গুঁড়িয়ে দিতে অপারেশন সিঁদুর অভিযান চালায় ভারত। ভারতীয় সেনা ও বিমানবাহিনীর প্রত্যাহার জঙ্গিদের ৯টি ঘাঁটি গুঁড়িয়ে যায়।

মৃত্যু হয় ১০০ জনের বেশি জঙ্গির। এদিকে এরপরই ভারত-পাক যুদ্ধ পরিস্থিতি তৈরি হয়। সীমান্ত এলাকায় গ্রাম ও ধর্মীয়স্থানগুলিতে ড্রোন হামলা চালাবার চেষ্টা করে পাক রেঞ্জার্স। যদিও ভারতের আকাশ প্রতিরক্ষা ব্যবস্থা পাকিস্তানের সেই হামলা রুখে দেয়। এদিকে পাকিস্তান যে ড্রোন দিয়ে হামলা চালিয়েছিল সেগুলি চিনে তৈরি বলে জানা যায়। এই ইস্যুতে চিনের বিরুদ্ধে তোপ দেগেছিল ভারত। বলা হয়েছিল পাক সন্ত্রাসকে তলে তলে সহযোগিতা করছে চিন। এবার সেই চিনই কার্যত পাকিস্তানের পাশে না থেকে ভারতের পাশে থাকার কূটনৈতিক কৌশল নিল বলেই মনে করা হচ্ছে। এখন দেখা যাক পাক দেশের মুখপাত্র কি বলেন।

ইদে মমতা বন্দ্যোপাধ্যায়ের শুভেচ্ছাবার্তা



কলকাতা, ৭ জুন : ইদ মোবারক! শুভেচ্ছাবার্তা জানালেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।শনিবার এজ্ঞাবার্তায় তিনি লিখেছেন, ইদ-উল-আযহা উপলক্ষে সকলকে জানাই আমার আন্তরিক শুভেচ্ছা। প্রসঙ্গত, ইদুল আযহা, ইদুলআদহা হলো‘তারের উৎসব’। ইসলাম ধর্মাবলম্বীদের সবচেয়ে বড় দুটো ধর্মীয় উৎসবের দ্বিতীয়টি। চলতি কথনে এই উৎসব কুরবানির ইদ নামেও পরিচিত। এই উৎসবকে ইদুজ্জোহাও বলা হয়।ইদুল আযহা মূলত আরবি বাক্যাংশ। এর অর্থ হলো ‘ তারের উৎসব’। এই উসবের মূল প্রতিপাদ্য বিষয় হল ত্যাগ করা। এ দিনটিতে মুসলমানেরা ফযরের নামাজের পর ইদগাহে গিয়ে দুই রাকাত ইদুল আযহার নামাজ আদায় করে ও অবাবহিত পরে স্ব- স্ব আর্থিক সামর্থ্য অনুযায়ী গরু, ছাগল, ভেড়া, মহিষ ও উট আল্লাহর নামে কোরবানি করে বলে মন করেন।

নৈনিতালে সফরে উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী



নৈনিতাল, ৭ জুন :উত্তরাখণ্ডের মুখ্যমন্ত্রী পুশ্প সিং ধামি নৈনিতাল সফরে। স্বচ্ছ উত্তরাখণ্ড মিশনের আওতায় পরিচ্ছন্নতা অভিযান এবং বৃক্ষরোপণ কর্মসূচির মাধ্যমে নৈনিতালে তার দুই দিনের সফর শুরু করেছে মুখ্যমন্ত্রী পুশ্প সিং ধামি। এই উপলক্ষে সেখানকার পড়ুয়ারা পরিবেশ সুরক্ষা এবং পরিচ্ছন্নতার জন্য শপথ গ্রহণ করে।মুখ্যমন্ত্রী শনিবার স্থানীয় বাসিন্দাদের সঙ্গে মতবিনিময় করেন। বিভিন্ন সরকারি প্রকল্পর বিষয়ে প্রতিক্রিয়া জানতে চান স্থানীয়দের। এলাকার উন্নয়ন সম্পর্কে স্থানীয়দের কাছে পরামর্শ আহ্নান করেন তিনি বলে মনে করা হয়।

দিল্লির মুখ্যমন্ত্রীকে খুনের হুমকি, প্রেফতার এক

নয়াদিল্লি, ৭ জুন :এদিল্লির মুখ্যমন্ত্রী রেখা গুপ্তাকে খুনের হুমকি দেওয়ার অভিযোগে এক ব্যক্তিকে প্রেফতার করেছে দিল্লি পুলিশ। শুক্রবার সন্ধ্যায় গাজিয়াবাদ পুলিশের কাছে ফোন করে ওই হুমকি দেওয়া হয়। খবর পেয়ে অভিযুক্তের খোঁজ শুরু করে দিল্লি উত্তর পশ্চিম জেলার পুলিশ। পরে গাজিয়াবাদ থেকেই তাকে ধরে দিল্লি পুলিশের বিশেষ দল। কী কারণে এই হুমকি সে দিয়েছিল, খতিয়ে দেখছে পুলিশ।

জাতীয় সড়কে দুর্ঘটনা, নয়ানজুলিতে পড়লো ডাম্পার

পশ্চিম মেদিনীপুর, ৭ জুন : শনিবার সাতসকালে দুর্ঘটনা। ১৬ নম্বর জাতীয় সড়কে এই দুর্ঘটনা ঘটে।জানা গেছে, এদিন সকালে ডেবরার ধামতো। গোলা এলাকায় একটি ডাম্পার নিয়ন্ত্রণ হারিয়ে একটি রড বোঝাই ট্রাককে ধাক্কা মারে। তারপর পাশের দোকান ভেঙে দিয়ে নয়ানজুলিতে উল্টে যায়। ঘটনায় গুরুতর আহত হয়েছেন ডাম্পারটির চালক। কীভাবে নিয়ন্ত্রণ হারালো ডাম্পারটি, তা এখনও জানা যায়নি বলে মনে করা হয়।

দেশজুড়ে বকরিদ উৎসব জাঁকজমকের সঙ্গে পালিত

নয়াদিল্লি, ৭ জুন : শনিবার দেশজুড়ে বকরিদ উৎসব জাঁকজমকের সঙ্গে পালিত হচ্ছে। বকরিদকে ঈদ-উল-আজহা-ও বলা হয়ে থাকে। দেশের প্রধান মসজিদগুলিতে বকরিদের নামাজের পাশাপাশি শান্তি ও সমৃদ্ধির জন্য প্রার্থনা করা হয় এদিন। এই উৎসবকে ত্যাগ ও মানবতার প্রতীক হিসেবে বিবেচনা করা হয়।দিল্লির প্রায় সব ছোট-বড় মসজিদেই ঈদ-উল-আজহা জাঁকজমকের সঙ্গে



পালিত হচ্ছে। মুসলিম অধ্যুষিত পুরাতন দিল্লিতে সকাল থেকেই

বাবার সই এবং উপস্থিতি ছাড়া ছেলের পাসপোর্ট হবে না? নজর হাইকোর্টের রায়ে

কলকাতা, ৭ জুন : স্কুলপড়ুয়া ছেলে বিদেশ যাবে ক্যারাটে খেলতে। জাপানে প্রতিযোগিতায় অংশ নেওয়ার কথা তারা। কিন্তু বাদ সাধছে পাসপোর্ট। পাসপোর্ট ছাড়া বিদেশ যাওয়া সম্ভব নয়। সে আর তার স্বামীবিচ্ছিন্না মা আশায় বুক বেঁধে হাইকোর্টের দিকে চেয়ে। আগামী সোমবার ওই মামলার শুনানির সম্ভাবনা রয়েছে।ছেলে ক্যারাটে খেলায় ভাল। ক্যারাটের অনেক

প্রতিযোগিতায় সে জয়ী হয়েছে। একাধিক বার আবেদন করেও ছেলের পাসপোর্ট তৈরি করতে পারেননি মা। পাসপোর্ট কর্তৃপক্ষের বক্তব্য, বাবার সই এবং উপস্থিতি ছাড়া নাবালক সন্তানকে পাসপোর্ট দেওয়া যাবে না। উপায় না দেখে কলকাতা হাই কোর্টের দ্বারস্থ হন স্বামীবিচ্ছিন্না মা। তাঁর আবেদন, ছেলেকে জাপানে খেলতে যাওয়ার সুযোগ করে দিক আদালত। তাকে

‘পশ্চিম দিবস’ পালন নিয়ে এবার কেন্দ্র-রাজ্য টানাপোড়েনের মাত্রা গভীরতর

কলকাতা, ৭ জুন : বিজেপি-র দাবি মেনে ২০ জুন তারিখকে রাজ্যের প্রতিষ্ঠা দিবস তথা ‘ পশ্চিম দিবস’ বলে মন্যতবে রাজ্য রাজ্য সরকার। এবারে ওই তারিখে নন্দীগ্রামে প্রধানমন্ত্রী জনসভা করতে পারেন বলে রাজ্য বিজেপির অন্দরে জল্পনা

তুচ্ছে।১৯৪৭ সালে বঙ্গভাগের সিদ্ধান্তকে স্মরণ করে ২০২৬ সালে কেন্দ্রীয় সরকার ২০ জুন তারিখকে রাজ্যের প্রতিষ্ঠা দিবস তথা ‘ পশ্চিম দিবস’ হিসেবে পালনের নির্দেশ দিয়েছিল। গত কয়েক বছর ধরে দিনটি বিজেপি-র কাছে একটি

গুরুত্বপূর্ণ রাজনৈতিক বিষয় হয়ে উঠেছে। নন্দীগ্রাম বিজেপির কাছে রাজনৈতিকভাবে গুরুত্বপূর্ণ। তাই সেখান থেকে প্রধানমন্ত্রী ‘ পশ্চিম দিবস’ পালন করে জেরালো। রাজনৈতিক বার্তা দিতে চাইছেন বলেই মনে করছেন রাজনৈতিক

বিশ্লেষকরা।উল্লেখ্য, বিজেপি ২০ জুনকে পশ্চিমবঙ্গ দিবস ঘোষণা করার পর মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এর তীব্র বিরোধিতা করেছিলেন। তিনি এই দিনটি বাঙালির জন্য ‘ কালো দিন’ বলে মন্তব্য করেন। কারণ এটি বঙ্গবিভাজনের স্মৃতি বহন করে।

বাংলার বাড়ি প্রকল্পের সার্ভেতে গিয়ে আক্রান্ত

বাসন্তী, ৭ জুন :বাংলার বাড়ি প্রকল্পের সার্ভের কাজে গিয়ে আক্রান্ত হলেন এক পঞ্চায়েত কর্মী। বাসন্তী ব্লকের জ্যোতিষপুর গ্রাম পঞ্চায়েতের পঞ্চায়েত সহায়ক বিপ্লব মণ্ডল আক্রান্ত হয়েছেন। ফুলমালধ গ্রাম পঞ্চায়েত এলাকার চতরাখালি গ্রামে সার্ভের কাজে গিয়েছিলেন তিনি। গত বৃহস্পতিবার ঘটনাটি ঘটেছে। অভিযোগ স্থানীয় এক ব্যক্তি আচমকাই বিপ্লবের উপর চাাও হয়েছে তাকে কিন্, চা ঘুমি মারতে থাকেন। অন্যান্যদের সহযোগিতায় উদ্ধার হন ওই পঞ্চায়েত সহায়ক। এ বিষয়ে বৃহস্পতিবার বাসন্তী রিভিও অফিসে লিখিত অভিযোগ

সার্ভেতে গিয়ে আক্রান্ত পঞ্চায়েত কর্মী, এখনও প্রেফতার হয়নি কেউ

না বলেও জানিয়েছেন বিডিওকে। যদিও এ বিষয়ে বিপ্লব সংবাদ মাধ্যমের সঙ্গে কথা বলতে রাজি হন নি। বার বার ফোন করেও উত্তর মেলেনি। বিডিও বলেন, আমাদের এক কর্মীকে মারধর করা হয়েছে। এ বিষয়ে আমরা বাসন্তী থানার পুলিশকে লিখিত অভিযোগ জানিয়েছি। পুলিশ তদন্ত করে দৌষীকে যাতে প্রেফতার করে সেই নির্দেশ দেওয়া হয়েছে।যদিও ঘটনার পর দু দিন কেটে গেলেও শনিবার দুপুর পর্যন্ত এই ঘটনায় এখনও পর্যন্ত কাউকেই প্রেফতার করতে পারেনি পুলিশ। বিজেপির অভিযোগ অভিযুক্ত শাসক দলের হওয়ার

কারনেই পুলিশ কোনও ব্যবস্থা নিচ্ছে না। বাসন্তীর বিজেপি নেতা বিকাশ সর্দার বলেন, সরকারি কর্মীদের গায়ে হাত দেওয়ার সাহস শাসক দলের কর্মী ছাড়া কারও নেই। চাতরাখালিতেও তারাই আক্রমন করেছেন ওই সরকারি কর্মীকে। শাসক দলের কর্মী বলেই পুলিশ কোন ব্যবস্থা নিচ্ছে না। যদিও এই অভিযোগ উড়িয়ে দিয়েছেন বাসন্তীর বিধায়ক শ্যামল মণ্ডল। তিনি বলেন, কর্তব্যরত অবস্থায় সরকারি কর্মীদের গায়ে কেউ হাত দিয়ে থাকলে সে অন্যায় করেছে। অভিযুক্ত যে দলেরই হোক না কেন পুলিশকে বলব দৌষ করলে আইনত ব্যবস্থা নিতে।

জরাজীর্ণ অবস্থায় অম্বিকাপুর-রামানুজগঞ্জ জাতীয় সড়ক, বর্ষায় দুর্ভোগের আশঙ্কা



বলরামপুর, ৭ জুন : ছত্তিশগড় ও ঝাড়খণ্ড এর সংযোগকারী অম্বিকাপুর-রামানুজগঞ্জ জাতীয় সড়কের অবস্থা মরশুমের প্রথম বৃষ্টিতেই অত্যন্ত খারাপ। বড় বড় গর্তে ভরা রাস্তায় যানবাহন চালানো দুর্ভোগ বেড়েছে।স্থানীয় বাসিন্দাদের অভিযোগ, রাস্তার কাজ চলছে কেবল গর্ত ভরাটের নাম করে, কিন্তু তা টেকসই নয়। ফলে গাড়ির ক্ষয়ক্ষতি ও দুর্ঘটনার আশঙ্কা বেড়েছে।রাস্তার দুরাবস্থায় বাসিন্দারা ক্ষুন্না। জানা গেছে, বিপজ্জনক

অবস্থায় রয়েছে একাধিক সেতু ও।প্রতিদিন এই রাস্তায়. ৬০টিরও বেশি বাস চলাচল করে, যার মধ্যে অনেক গাড়ি ছত্তিশগড় থেকে ঝাড়খণ্ড ও বিহারের বিভিন্ন শহরে যায়। ফলে রাস্তার দুরবস্থার প্রভাব পড় ছে আন্তঃরাজ্য পরিবহণে।পূর্ত দফতরের পক্ষ থেকে জানানো হয়েছে, দুই বছর আগে টেন্ডার হলেও সন্ধ্যা চুক্তি সম্পন্ন হয়েছে। সমস্যার সূরাহা হবে বলেও জানানো হয়েছে।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর দেওয়ার সফর স্থগিত



নয়াদিল্লি, ৭ জুন : রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মুর ১০ এবং ১১ জুনের দেওয়ার সফর স্থগিত করা হয়েছে। রাষ্ট্রপতি ভবন এই বিষয়ে এইমস এবং জেলা প্রশাসনকে জানিয়েছে। রাষ্ট্রপতির কর্মসূচি স্থগিত হওয়ার কারণে দেওয়ার এইমস-এর প্রথম এমবিবিএস সমাবেশনের নতুন তারিখ ঘোষণা করা হবে।শুক্রবার সন্ধ্যারান্তে রাষ্ট্রপতি ভবন থেকে এইমসের পরিচালকরা এই বিষয়ে জানানো হয়। তিনি জানিয়েছেন যে, বিশাখাপত্তনমেও রাষ্ট্রপতির অনুষ্ঠান স্থগিত করা হয়েছে বলে মনে করা হয়েছে জানা গেছে।

উজ্জয়িনীতে মহাকালেশ্বরের ভস্মারতিতে অংশগ্রহণ ধর্মেন্দ্র প্রধানের



উজ্জয়িনী, ৭ জুন : কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী ধর্মেন্দ্র প্রধান শনিবার রয়েছেন উজ্জয়িনী সফরে। এদিন তিনি শ্রী মহাকালেশ্বর মন্দিরে পৌঁছে শ্রী মহাকালেশ্বরের ভস্মারতিতে অংশগ্রহণ করেন। আরতির পর ধর্মেন্দ্র প্রধান এদিন শ্রী মহাকালেশ্বর ভগবানের পূজার্চনা করেন।এদিন তিনি বলেন, এখানে এলে শান্তি ও আধ্যাত্মিকতার অনুভূতি হয়। উল্লেখ্য, শুক্রবার ধর্মেদ্র প্রধান উজ্জয়িনী আসেন। অঁকে স্ব্গত জ্ঞানান মধ্যপ্রদেশের মুখ্যমন্ত্রী ডব্লি়ে মোহন যাদব।

বকরিদ উপলক্ষ্যে প্রয়াগরাজে কড়া নিরাপত্তা

প্রয়াগরাজ, ৭ জুন : শনিবার দেশজুড়ে বকরিদ উৎসব জাঁকজমকের সঙ্গে পালিত হচ্ছে। দেশের প্রধান মসজিদগুলিতে বকরিদের নামাজের পাশাপাশি শান্তি ও সমৃদ্ধির জন্য প্রার্থনা করা হয় এদিন। বকরিদের নামাজ আদায় উপলক্ষে প্রয়াগরাজে কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয় এদিন।জানা গেছে, প্রয়াগরাজে জনবহুল এলাকায় পুলিশ, ব্যাক মোতাযন করা হয়েছে। উল্লেখ্য, ধর্মগুরুরা নিয়ম মেনে মসজিদের ভিতরে নামাজ পড়র অহ্বান জানান। নামাজের পরে শান্তিপূর্তবরে স্কেরবানির অনুষ্ঠান পালন করার পরামর্শ দিয়েছেন তাঁরা।

জম্মু-শ্রীনগর জাতীয় সড়কে ফের স্বাভাবিক যান চলাচল

জম্মু, ৭ জুন : শনিবার থেকে জম্মু-শ্রীনগর জাতীয় সড়কে ফের স্বাভাবিক হয়েছে সব ধরনের যান চলাচল। ছোট গাড়িগুলিকে দুই দিক থেকেই যাতায়াতের অনুমতি দেওয়া হয়েছে, তবে বড় গাড়িগুলিকে আপাতত শুধু শ্রীনগর থেকে জম্মুর দিকে যেতেই ছাড়পত্র দেওয়া হয়েছে। ট্রাফিক বিভাগের এক আধিকারিক জানান, জাতীয় সড়কে স্বাভাবিক নিয়মে যান চলাচল শুরু হয়েছে। ছোট যানবাহনগুলিকে নিজ নিজ লেনে থাকার নির্দেশ দেওয়া হয়েছে এবং গতি নিয়ন্ত্রণ ও ওভারটেক এড়াতে বলা হয়েছে, যাতে কোনও রকম যানজটের পরিস্থিতি তৈরি না হয়।ট্রাফিক বিভাগের পক্ষ থেকে যাত্রীদের অনুরোধ জানানো হয়েছে, তারা যাত্রা শুরুর আগে ট্রাফিক কন্ট্রোল রুমের সঙ্গে যোগাযোগ করে নিন, যাতে পথে কোনও অসুবিধার সম্মুখীন না হতে হয়।এদিকে, রাজ্যের ও পৃথ্ জেলাকে দক্ষিণ কাশ্মীরের শোপিয়ানের সঙ্গে যুক্ত করা মুঘল রোডও যান চলাচলের জন্য খুলে দেওয়া হয়েছে।

ঈদ-উল-আজহা উপলক্ষ্যে শুভেচ্ছা জানালেন নবীন পট্টনায়ক

ভুবনেশ্বর, ৭ জুন : ঈদ-উল-আজহার পবিত্র দিনে ওড়িশার প্রাক্তন মুখ্যমন্ত্রী ও বিরোধী দলনেতা নবীন পট্টনায়ক রাজ্যের জনগণকে আন্তরিক শুভেচ্ছা জানিয়েছেন।নবীন জানিয়েছেন, ঈদ-উল-আজহার শুভ দিনে সবাইকে আন্তরিক শুভেচ্ছা। এই উৎসব যেন শান্তি, সৌহার্দ্য ও সহানুভূতির বার্তা ছড়িয়ে দেয় এবং সমাজে আত্মবোধকে আরও মজবুত করে তোলে।এই উৎসব উপলক্ষে রাজ্যজুড়ে বিভিন্ন সম্প্রদায়ের মানুষের মধ্যে সৌহার্দ্যপূর্ণ পরিবেশে উদযাপন লক্ষ্য করা গেছে।

রাজ্যজুড়ে ঈদ-উদ-জোহা পালিত, মসজিদগুলিতে বিশেষ নামাজ আদায়

আগরতলা, ৭ জুন : সম্প্রীতির বার্তা ছড়িয়ে শনিবার রাজ্যজুড়ে পালিত হল ঈদ-উদ-জোহা। এই উপলক্ষে মূল অনুষ্ঠানটি হয় রাজধানী আগরতলা শহরের গেদু মিয়ার মসজিদে। এই মসজিদের নামাজ পাঠ করেন ইমাম মৌলানা আব্দুর রহমান। এদিন রাজ্যের অন্যান্য মসজিদগুলিতেও ঈদ-উদ-জোহা উপলক্ষে নামাজ আদায় করা হয়।শনিবার সারা দেশের সাথে ত্রিপুরাতেও যথাযথভাবে পালিত হল মুসলিম ধর্মাবলম্বীদের ঈদ-উদ-জোহা। এই উপলক্ষে এদিন মূল অনুষ্ঠানটি হয় রাজধানী আগরতলার গেদু মিয়ার মসজিদে। এখানে এদিন ঈদের নামাজ আদায় করা হয়। প্রচুর সংখ্যক মুসলিম ধর্মাবলম্বীরা এই নামাজ আদায়ে অংশগ্রহণ করেন।এদিন নামাজ আদায়ের পর উপস্থিত হল ঈদ-উদ-জোহা। এই উপলক্ষে মূল অনুষ্ঠানটি হয় রাজধানী আগরতলা শহরের গেদু মিয়ার মসজিদের ইমাম জুলান, ঈদ-উদ-জোহা এর মূল বার্তা হল আত্মতাগ। আল্লাহর প্রতি নিঃস্বার্থ আনুন্ডত্য এবং মানবতার কল্যাণে নিজেকে সকল ধর্মের জনগণের সার্বিক মঙ্গল কামনা কর নেন তিনি। সকলের মঙ্গল করে থাকে এই ঈদ উৎসবে মানুষের মনে আনন্দের জোয়ার বয়ে আনে। তাই প্রতি বছর মুসলিম সম্প্রদায় থেকে ঈদ চালু থেকে আসছে।

দুরন্ত বার্তা রাশিফল

মেঘঃ একটি রোমাণ্টিক সম্পর্ক আপনার জন্য একটি চমক হিসাবে উপস্থিত হবে, জাহ্নল্যামান এবং হাস্যরত। আপনারকে আপনার সবচেয়ে ভালো পোশাকে তৈরি হওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে এবং কিছু রোমাণ্টিক কথাবার্তা অভ্যাস করার পরামর্শ দেওয়া হচ্ছে।
বৃষঃ আজকে, আপনি কঠোর আচরণ করবেন এবং যার সংস্পর্শে আসবেন তার সঙ্গেই ঝগড়া করবেন। যারা আপনাকে ভালোভাবে জানেন তারা অবাক হবেন কারণ আপনার এরকম ঝগাটে আচরণ কেঁনওদিন দেখেননি এবং হয়তো খুব বেশিক্ষণ আপনার এই মনোভাব সহ্য করতেও পারবেন না।

মিথুনঃ আজকের খেলাধুলা এবং বহির্মুখী কার্যকলাপের আপনার প্রচুর উসাহ থাকবে। আপনার মতে, বৈচিত্র্য জীবনকে আকর্ষক করে তোলে। আপনি সমানে এক উদ্যোগ থেকেও অন্য উদ্যোগে যানোে। কর্মকর্তা ও সহকর্মীদের সঙ্গে আপনি ভালো সম্পর্ক স্থাপন করবেন। তাক্ষণিক অন্তর্ভুক্তি লক্ষ্যগুলিতে সাফল্য পাওয়ার সময় আপনার উদ্যম প্রবল বেশি থাকবে এবং মহাজাগতিক অবস্থান অন্যদের আপনার দিকে আকর্ষিত করতে সাহায্য করবে। সংক্ষেপে বলতে গেলে, আপনি খুবই উসাহপূর্ণ থাকবেন।।

কর্কটঃ আপনি নিজের মতামত নিজের কাছে রাখবেন এবং মাথায় কি আছে তা প্রায় প্রকাশই করবেন না।

সিংহঃ আর্থিক লাভ হওয়ার সম্ভাবনা আছে। অল্পবয়সীরা প্রেমে পড়তে পারে।।

কন্যাঃ প্রেমিকেরা একে অন্যের সান্নিধ্য উপভোগ করবেন এবং তাদের প্রেম জীবন সমৃদ্ধে হতে। কিছু ব্যবহারিক সিদ্ধান্ত নেনেন। তুলাঃকর্মক্ষেত্রে ক্ষমতায, থাক। কোনও ব্যক্তি হতে।, শুধুমাত্র মজা করার জন্য আপনার পিছনে লাগার সিদ্ধান্ত নবেন। কিন্তু আপনার ভাগ্য খুব ভাল এবং আপনার নিজের চিন্তা এবং আশঙ্কা ছাড়া অন্য কোনও কিছুই আপনার ক্ষতি করতে পারেনা।। এই সমস্যাগুলি থেকে বেরিয়ে আসা আপনার জন্য তুলনামূলকভাবে সহজ হবে, যারা এর অনাধা চান, তারা যতই অসুখি হন না কেন। আপনার হ্যেতো সময় কম পড়বে। এটি আপনার জন্য কঠিন হতে পারে।

বৃশ্চিকঃআর্থিক অস্থিতি আপনাকে পীড়া দেবে। তবে জীবনের আরও অনেক ভালো দিক থাকে। দিতে দেরি করা অর্থের আজ ব্যবস্থা হতে পারে। কাজের জায়গায় আপনার দাবি করা প্রতারণাগুলির কারণে মোটা পুস্করুর পাওয়ার সুযোগ আছে।

ধনুঃআজকে আপনি সব চিন্তা ও কাজ পরিবারকে নিয়েই করবেন। আপনি প্রিয়তমের সঙ্গেও অসাধারণ সময় কাটাবেন ও ব্যক্তিগত বিষয় নিয়ে আলোচনা করবেন। প্রতিপত্তিশালী ব্যক্তির। আজ আপনার সমর্থন করবেন ও বেশি অর্থ উপার্জনে সাহায্য করবেন।

মকরঃএটি হয়তো একটি অস্বাভাবিক সময় মনে হতে পারে, কিন্তু আপনি আজকে একই পরিমানে আনন্দ এবং দু গুণ পানোে।
কুন্তঃ আজকে আপনি লক্ষ্যভেদ করতে চাইবেন। আজকে যাই করবেন, লক্ষ্যের দিকে দৃষ্টি নিবদ্ধ করে করবেন।

মীনঃআপনার পথে যে সমস্ত কঠোর বাধা আসবে সেগুলি সন্ধ্যেও আপনাকে আনন্দ এবং দু গুণ সহজতা আন্ববিশ্রাস সমস্ত বাধা অতিক্রম করবে। এবং আপনার দিন যত অস্থিরভাবেই শুরু হোক না কেন, এটি একটি মজার আবহে শেষ

আবহাওয়া

শনিবার দিনের আকাশ আংশিক মেঘলা। কোথাও কোথাও বজবিসদৃশ-সহ বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারি বৃষ্টি হতে পারে। দিনের সবেচিচ এবং সর্বনিম্ন তাপমাত্রা যথাক্রমে ৩৫ ডিগ্রি এবং ২৭ ডিগ্রির আশেপাশে থাকবে। তবে শনিবার থেকে শুষ্ক ও গরম হাওয়া বেশি থাকবে কলকাতা, হাওড়া, হুগলি, দুই বর্ধমান, বাঁকুড়া, পুরুলিয়া, বীরভূমে। অন্যান্য জেলাতেও গরম ও অস্থিতি থাকবে। এদিন থেকে উত্তরবঙ্গেও বৃষ্টি কমবে। ভারী বৃষ্টির সম্ভাবনা আগামী কয়েকদিন উত্তরবঙ্গের জেলাগুলিতে নেই।শুক্রবার কলকাতা এবং সলগ্ন অঞ্চলে সবেচিচ তাপমাত্রা ছিল ৩৪.৬ ডিগ্রি, সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২২.৬ ডিগ্রি সেলসিয়াস। বাতাসে আপেক্ষিক আর্দ্রতা ছিল সবেচিচ ৯৮ ও সর্বনিম্ন ৫৪ শতাংশ।জোয়ার-সকাল ১১টা ৫২মিনিট এবং রাত ০৯টা ৫২ মিনিট।
টাটা-সকাল ১০টা ৫২মনিট এবং রাত ১১টা ৫০মিনিট।
স্বঃউদয় : সকাল ৫টা ০২মিনিটে এবং অস্ত যাবে আজ ৬টা ০২মিনিটে হতেপারে।

দিঘার জগন্নাথ মন্দিরের প্রসাদ নিয়ে বিতর্ক অব্যাহত



দূরস্বভাবা, ৮ জুন : মুখ্যমন্ত্রী ঘোষণা করেছেন, বাংলার প্রতিটা বাড়িতে দিঘার জগন্নাথ মন্দিরের পূজার প্রসাদ পৌঁছে দেওয়া হবে। সেই নিয়ে বিরোধী দলনেতা শুভেন্দু বলে, ওটা প্রসাদ নয়, স্থানীয় দোকানো বানানো প্যারা। শুক্রবার সন্ধ্যায় রবীন্দ্রসদনে সাংবাদিক সম্মেলনে রাজ্য সরকারের গোটা পরিকল্পনার কথা বিস্তারিতভাবে তুলে ধরেন মন্ত্রী ইন্দ্রনীল সেন। একইসঙ্গে বিরোধীদের অপচরাকরে রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত বলে তোপ দাগেন। ইন্দ্রনীল বলেন, তবব মানুষের কাছে এই প্রসাদ যাবে। হিন্দু, মুসলিম, শিশু সমস্ত সম্প্রদায়ের মানুষ এই প্রসাদ পাবেন। এটা মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রকল্প। ধর্ম আমার ধর্ম তোমার, উৎসব যেমন সবার, এই মহাপ্রসাদও সবার। বাংলার মানুষ জানেন, বিশ্বের মানুষের

কাছে প্রমাণ করলেন, ওনার মতো সেকুলার একজন প্রশাসক ভারতবর্ষ কখনও দেখেনি।মন্ত্রী এদিন পরিষ্কার জানিয়ে দেন, খালি হিন্দুদের প্রসাদ দেওয়া হবে বলে যে অপচরাকর রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত বলে তোপ দাগেন। ইন্দ্রনীল বলেন, তবব মানুষের কাছে এই প্রসাদ যাবে। হিন্দু, মুসলিম, শিশু সমস্ত সম্প্রদায়ের মানুষ এই প্রসাদ পাবেন। এটা মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের প্রকল্প। ধর্ম আমার ধর্ম তোমার, উৎসব যেমন সবার, এই মহাপ্রসাদও সবার। বাংলার মানুষ জানেন, বিশ্বের মানুষের

ভারত-মায়ানমার সীমান্তে উত্তেজনা



দূরস্বভাবা, ৮ জুন:ভারত-পাকিস্তান ও ভারত-বাংলাদেশ তিক্ত আবহাওয়ার মধ্যেই আবার সমস্যা দেখা দিলে। ভারত-মায়ানমার সীমান্তে। অরুণাচল প্রদেশের ভারত-মায়ানমার সীমান্তে অনুপ্রবেশের চেষ্টা জঙ্গিদের। যদিও সীমান্তরক্ষী বাহিনীর তৎপরতায় জঙ্গিদের সেই প্রচেষ্টা ব্যর্থ হয় বলে জানা গিয়েছে। শুক্রবার প্রতিরক্ষা মন্ত্রকের তরফে জানানো হয়েছে, বৃহস্পতিবার রাতে ভারত-মায়ানমার সীমান্তের লংডিং জেলায় একদল জঙ্গি অনুপ্রবেশের চেষ্টা করে। বিষয়টি উল্লেখ্যত নিরাপত্তা বাহিনীর জওয়ানদের নজরে আসতেই জঙ্গিদের সঙ্গে গুলির লড়াই শুরু হয়ে যায়। নিরাপত্তা বাহিনীর বাধা পেয়ে পিছু হটতে বাধ্য হয় জঙ্গিরা। প্রতিরক্ষা মন্ত্রকের মুখ

পাত্র জানিয়েছেন, সীমান্ত এলাকায় জঙ্গিদের অনুপ্রবেশের তৎপরতা চোখে পড়তেই রুখে দাড়ায় নিরাপত্তা বাহিনী। জওয়ানদের দেখতেই গুলি চালাতে শুরু করে জঙ্গিরা। পালটা গুলি চালান জওয়ানরাও। বাধা পেয়ে পিছু হটতে শুরু করে জঙ্গিরা। গোপন সূত্রে গোয়েন্দারা জানতে পেরেছিলেন, ভারত-মায়ানমার সীমান্তের লংডিং জেলার কাছে জঙ্গি অনুপ্রবেশের চেষ্টা হতে পারে। এরপরই ওই এলাকায় নিরাপত্তা বাড়ানোর হয়। ঘন ঘন পেট্রোলিং শুরু করেন জওয়ানরা। এরই মধ্যে জঙ্গিদের অনুপ্রবেশের চেষ্টার বিষয়টি চোখে পড়ে। জওয়ানদের দেখেই গুলি চালাতে শুরু করে জঙ্গিরা। পালটা জ্বাব দেওয়া হয় জওয়ানদের তরফেও। এরপরই পিছু হটতে শুরু করে জঙ্গিরা।

নাবালিক ধর্ষণ কাণ্ডে উত্তপ্ত মালবাজার, বাজার থানায় ঘেরাও- বিক্ষোভ



দূরস্বভাবা, মালবাজার : নাবালিকা ধর্ষণ কাণ্ডে থানা ঘেরাও মালবাজারে। আদিবাসী নেতা রাজেশ লাকড়া, রাঙামাটি ৩ াম পঞ্চায়েতের প্রধান অশোক চিক বড়াইক সহ অন্যান্যদের নেতৃত্বে রাঙামাটি চা বাগান থেকে বিক্ষোভ মিছিল বের হয়। প্রায় পাঁচ কিলোমিটার হেঁটে বাগানের শ্রমিকরা থানায় পৌঁছায়। তাদের মুখে ছিল উই ওয়ান্ট জাস্টিস স্লোগান। যদিও থানা ঘেরাও করার সময় বাকবিত্তভায় জড়ান রাজেশ লাকড়া ও রাঙামাটির প্রধান অশোক চিক বড়াইক। আদিবাসী বিকাশ পরিষদের ব্যবস্ মাঝি ও এই বিকালে উৎপস্থিত ছিলেন। ঘটনা প্রসঙ্গ জানা গেছে, মাল থানার অন্তর্গত রাঙামাটি চা বাগানে এক নাবালিকাকে ধর্ষণের অভিযোগ ওঠে এক মধ্যে বয়সী ব্যক্তির। ও তারিখ মাল থানায় সেই ব্যক্তির বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করে নাবালিকার পরিবার। সে দিন রাতেই মাল থানার পুলিশ অভিযুক্ত সুরজ ঠাকুরী কে গ্রেফতার করে। সেই সাথে

ভারতীয় ন্যায় সংহিতার পন্থাে ধারায় মামলা রুজু করে। অভিযোগ এই মামলার ধারা লিয়েই। আদিবাসী নেতা রাজেশ লাকড়ার অভিযোগ, মাল থানার পুলিশ ইচ্ছাকৃত ভাবে এট্রোসিটি আক্ট অনুযায়ী মামলা দায়ের করে নি। আমরা সেই দাবিতেই বাগানের মহিলা শ্রমিকদের সাথে থানা ঘেরাও করেছি। থানা ঘেরাও চলাকালীন সেখানে পৌছান মন্ত্রী বুলু চিক বড়াইক। তিনি থানায় আসতেই উত্তেজনা বৃদ্ধি পায়। মন্ত্রীর আসতেই পুলিশি প্রতিক্রিয়া জড়িয়ে পরে রাঙামাটি চা বাগানের শ্রমিকরা। তারপর পুলিশের হস্তক্ষেপে শ্রমিকদের বিক্ষোভ নিয়ন্ত্রণ করা হয়। পরবর্তীতে আইসি সৌম্যজিং মল্লিক ও মহকুমা পুলিশ আধিকারিক রোশন প্রদীপ দেশমুখের অনুরোধে বৈকে বসেন মন্ত্রী, রাঙামাটি গ্রাম পঞ্চায়েতের প্রধান সহ রাজেশ লাকড়া। তবে আইসি সৌম্যজিং মল্লিক বলেন, তাদের দাবি অনুযায়ী মূল অভিযোগ করে এট্রোসিটি আক্ট সংযোজন করার অনুরোধ আদালতে জানানো হবে।

দুষ্কৃতিদের হামলার মুখে কলকাতা হাইকোর্টের প্রাক্তন বিচারপতির পুত্রবধূ

দূরস্বভাবা, বীরভূম : দুষ্কৃতিদের হামলার মুখে কলকাতা হাইকোর্টের প্রাক্তন বিচারপতির পুত্রবধূ। অস্ত্র নিয়ে প্রাণে মেরে ফেলার হুমকি কলকাতা হাইকোর্টের আইনজীবী অনন্য কান্তি রায় সরস্বতীকে। বীরভূমের ইলামবাজার জঙ্গলের কাছে ঘটনাটি ঘটেছে। ইলামবাজার ও শান্তিনিকেতন দুই থানাতে অভিযোগ দায়ের। তদন্তে পুলিশ, আতঙ্কিত শান্তিনিকেতনে বসবাসকারী আইনজীবী পরিবার। শান্তিনিকেতনের উত্তরপল্লীর বাসিন্দা কলকাতা হাইকোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতির পুত্রবধূ হাইকোর্টের আইনজীবী অনন্য কান্তি রায় সরস্বতী, শ্রোত্রা রায় সরস্বতী। গত বুধবার বীরভূমের ইলামবাজার থানার বনাঞ্চল এরিয়ায় দুষ্কৃতিদের খপ্পরে পড়ে। আইনজীবী দম্পতিকে দুষ্কৃতীরা অস্ত্র দেখিয়ে হুমকি দেয়। বলে, অমুক মামলা থেকে সরে দাঁড়াতে। এই ঘটনায় রীতিমত তীব্র সন্ত্রস্ত, আতঙ্কিত কলকাতা হাইকোর্টের আইনজীবী দম্পতি। ইতিমধ্যেই ইলামবাজার থানা ও শান্তিনিকেতন থানার দ্বারস্থ হয়েছেন। কলকাতা হাইকোর্টের আইনজীবী অনান্য কান্তি রায় সরকারী থানা, গত বুধবার ইলামবাজার থানার জঙ্গল এরিয়ায় কয়েকজন দুষ্কৃতি তাদের ঘিরে ধরেন। তারপর অস্ত্র নিয়ে প্রাণে মেরে ফেলার হুমকি দেন। দুষ্কৃতীরা বলে, স্পেসিফিক এমন মামলা থেকে সরে দাঁড়ান। না হলে প্রাণে মেরে ফেলা হবে। আমরা রীতিমতো আতঙ্কিত। পুলিশের দ্বারস্থ হয়েছি। বাড়ি থেকে বেরোতে ভয় পাচ্ছি।

জঙ্গন ছেড়ে বেঙ্গাই জোতে হাতির দল, তাড়ব খানের জমিতে

দূরস্বভাবা, শিলিগুড়ি : খাবারের খোঁজে জঙ্গল ছেড়ে শিলিগুড়ি মহাকুমা পরিষদের অন্তর্গত নকশালবাড়ি রুকের বেঙ্গাইজোতে ঢুকে পরলো হাতির দল। এরপরেই ধানের জমিতে তাড়ব চালায়। জানা গিয়েছে শুক্রবার গভীর রাতে টুকরিয়াঝাড় জঙ্গল থেকে খাবারের খোঁজে বেঙ্গাই জোতে ঢুকে। এরপর সেখানে ধানের জমিতে তাড়ব চালায়। যদিও পরবর্তীতে রসদ নিয়ে কলাবাড়ি জঙ্গলের উদ্দেশ্য রওনা দেন হাতির দল। এই দেখে স্থানীয়রা তড়িঘড়ি খবর দেয় বনদপ্তরকে। খবর পেয়ে ঘটনাস্থলে ছুটে যায় টুকরিয়াঝাড় বনদপ্তরের কর্মীরা। যদিও পরবর্তীতে বনকর্মীরা ঘটনাস্থলের পৌঁছে হাতির দলটিকে জঙ্গলে ঢুকিয়ে দেয়। স্থানীয় সূত্রে খবর শাবক মিলিয়ে মোট ১৯টি হাতি ছিল। এবং হাতির দলের তাড়বে ব্যাপক ধানের ক্ষতি হয়েছে।

NTPC তাপ বিদ্যুৎ কেন্দ্রে ২ নম্বর ইউনিটে ডাম্পার গেট চাপা পড়ে মৃত্যু এক ঠিকা শ্রমিকের

দূরস্বভাবা, মুর্শিদাবাদ : এনটিপিসির তাপ বিদ্যুৎ কেন্দ্রে কর্মরত এক ঠিকা শ্রমিকের মৃত্যু হয়। ঘটনাটি ঘটেছে মুর্শিদাবাদের ফরাসাকর তাপ বিদ্যুৎ কেন্দ্রে দুই নম্বর ইউনিটে। পরিবার সত্রে জানায়, মৃত ঠিকা শ্রমিকের নাম সুশান্ত মন্ডল (৩৭) বাড়ি নিশিন্দ্রা গ্রামে। শুক্রবার বিকাল ৫৩০টা নাগাদ ফরাসা এনটিপিসি তাপ বিদ্যুৎ কেন্দ্রে কাজে যায় সুশান্ত মন্ডল। তারপর রাত্রি ১১৩০ নাগাদ জানতে পারে ২ নম্বর ইউনিটে কাজ করার সময় হঠাৎ ডাম্পার গেট চাপা পড়ে যায়। রক্তাক্ত অবস্থায় সুশান্ত মন্ডলকে স্থানীয় হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করে। খবর পেয়ে ঘটনাস্থলে যায় ফরাসা থানার পুলিশ। পুলিশ মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য জঙ্গীপুর মহকুমা হাসপাতালে পাঠায়। সুশান্ত মন্ডলের মৃত্যুর খবর বাড়িতে পৌঁছাতেই কান্নায় ভেঙে পরে পরিবারের লোকজন, এলাকায় শোকের ছায়া নেমে এসেছে।

ইভেন্ট ম্যানেজমেন্টের টোপ দিয়ে তরুণীকে নির্মম নির্যাতন

ইভেন্ট ম্যানেজমেন্টের কাজ দেবার টোপ দিয়ে সোদপুরের তরুণীকে প্রায় মাস তিনেক অটিকে রেখে নির্মম নির্যাতনের অভিযোগ উঠলে। হাওড়ার ডোমজুড়ের এক যুবক ও তাঁর মায়ের বিরুদ্ধে, থানায় অভিযোগ দায়ের। তদন্তে নেমেছে পুলিশ। উত্তর ২৪ পরগণার সোদপুরের এক তরুণীকে বাড়িতে অটিকে রেখে তিন মাস ধরে পাশবিক নির্যাতনের অভিযোগ উঠলে। হাওড়ার ডোমজুড়ের এক যুবক ও তাঁর মায়ের বিরুদ্ধে। অভিযোগ, ইভেন্ট ম্যানেজমেন্টের কাজ দেওয়ার নাম করে সোদপুরের এক তরুণীকে ডেকে নিয়ে আসা হয়েছিল বলে অভিযোগ। এরপর তাদের প্রস্তাবে রাজি না হওয়ায় তিন মাস বাড়িতে অটিকে তরুণীর উপর শারীরিক ও মানসিক নির্যাতন চালানো হয় বলে অভিযোগ। অভিযোগ, তরুণীর চুল কেটে নেওয়া হয়। তার হাত ভেঙে দেওয়া হয় বলেও অভিযোগ। আতত ওই তরুণী বর্তমানে সাগর দত্ত হাসপাতালে চিকিৎসারীন রয়েছেন। জানা গেছে, অত্যাচারের হাত থেকে বাঁচতে শুক্রবার ভোরে কোনওভাবে পালিয়ে বাড়ি ফিরে আসেন ওই তরুণী। তাঁর শারীরিক অবস্থা আশঙ্কাজনক হওয়ায় দ্রুত তাকে সাগর দত্ত মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়। পরিবারের অভিযোগের ভিত্তিতে ঘটনার তদন্ত শুরু করেছে পুলিশ।

তিনশো বছরেরও বেশী প্রাচীন ডেমুরিয়ার রথ!



দূরস্বভাবা, দীঘা : ৩০০ বছরেরও বেশী প্রাচীন ডেমুরিয়ার রথ। মারাঠা দস্যুর আক্রমণে ভেঙ্গেছিল মন্দির! এবার রথ হবে মহা ধুমধামে। প্রস্তুতি বৈঠক হলো মৈতনায়। দীঘার অদূরে তিনশো বছরেরও বেশী প্রাচীন ডেমুরিয়ার রথ এর এবার হবে মহা ধুমধামে। প্রস্তুতি বৈঠক হলো মৈতনায়। তিনশো বছরেরও বেশী প্রাচীন ডেমুরিয়ার রথ। পূর্ব মেদিনীপুর জেলার রামানগর-২ রুকের মৈতনা গ্রাম পঞ্চায়েতের ডেমুরিয়ার রথখাত্রাই কথি মহকুমা ও মহকুমার বাইরেও ডেমুরিয়ার রথ হিসেবেই পরিচিত। দর্শনিবাসী আয়োজিত রথের মেলায় লক্ষাধিক মানুষের ভিড় হয়। আজকের প্রস্তুতি বৈঠকে মেলা নিয়ে প্রাথমিক আলোচনা হয়। এবারের মেলায় থাকছে বিশেষ নিরাপত্তার ব্যবস্থা। আগের বছরের মতো এবারও মেলায় থাকছে বিভিন্ন চমক। বিশেষ করে বিগত বছরের অপ্রীতিকর ঘটনা থেকে

শিক্ষা নিয়ে খাবারের দোকানগুলোতে বিশেষ নজরদারি চালানো হবে। কোন প্রকারই বাসি খাবার বিক্রি করা যাবে না। আজকের প্রস্তুতি বৈঠকে উপস্থিত ছিলেন বিধায়ক অখিল গিরি, ট্রাস্টি কমিটির সম্পাদক অলক চৌধুরী, মেলা কমিটির সম্পাদক তমাল তরুদাস মহাপাত্র, সহ-সম্পাদক ওয়াশিম রহমান, রামনগর ২ পঞ্চায়েত সমিতির সভাপতি অনুপ গিরি, শিক্ষা কর্মাধক্ষক নিলাম রয়, সত্যরঞ্জন রায়, মেঘার রামকৃষ্ণ বাগ, ব্লক সহ-সভাপতি গীতা দাস প্রমুখ। সকাল থেকে গভীর রাত পর্যন্ত ভিড়ে জমজমাট হয়ে থাকে গোটা রথমেলা প্রাঙ্গণ। ডেমুরিয়া রথের মেলাকে নিয়ে নানা গল্প ছড়িয়ে রয়েছে কাষির মানুষের মধ্যে। তিনশো বছর আগে বর্তমান এগরা থানার বাসুদেবপুরের জমিদার লক্ষীকান্ত রায়ের দান করা জায়গার উপর জগন্নাথদেবের মন্দির স্থাপন করা হয়। আর সেই বছর থেকে শুরু

রথযাত্রাও। মৈতনা মেলা কমিটির সম্পাদক তমালতরু দাসমহাপাত্র জানান,জমি দানের আগেও ডেমুরিয়াতে জগন্নাথ দেবের মন্দিরের অস্তিত্ব ছিল। জগন্নাথদেবের বিগ্রহ ছাড়াও প্রচুর স্বর্গলঙ্কার ও ধনসম্পদও ছিল মন্দিরে। জগন্নাথ মন্দিরের সেই ধনসম্পদের লোভে মারাঠা দস্যু বা বগীরা বারবার মন্দিরের উপর আক্রমণ করে ধনসম্পদ লুণ্ঠ করে নিয়ে যায়। এমনকী বারবার বগীদের আক্রমণের ফলে জগন্নাথ দেবের মন্দিরটিও ধ্বংস হয়ে যায়। পরে রাজা লদীকান্ত রায়ের দান করা জমির উপর মন্দির স্থাপন করা হয়। পুরীর জগন্নাথ মন্দিরের মাসলিক আচার ও নিয়মানুসারেই ডেমুরিয়া জগন্নাথ মন্দিরের পূজার্চনা হয়। এবারের মেলায় বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে। দীঘা জগন্নাথ মন্দিরে এবার হচ্ছে রথযাত্রা তার সাথে সাথে ডেমুরিয়া রথ যাত্রায় বাড়তি উম্মাদনা থাকবে।

মসজিদে নামাজ পড়ার সময় এক বৃদ্ধের গলায় ধারালো চাকুর কোপ

দূরস্বভাবা, ৮ জুন : পুরনো শত্রুতার জেরে আজ,কুরবানীর দ্বদের দিন মসজিদে নামাজ পড়ার সময় এক বৃদ্ধর গলায় ধারালো চাকুর কোপ মারার ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে মালদার হরিশচন্দ্রপুরের মারাভাঙ্গি গ্রামে। ঘটনায় অভিযুক্ত প্রতিবেশী যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ। আশঙ্কাজনক অবস্থায় হাসপাতালে চিকিৎসায়ীন বৃদ্ধ। কি কারণে এই খুন করার পরিকল্পনা তদন্তে নেমেছে হরিশচন্দ্রপুর থানার পুলিশ। পুলিশ সূত্রে জানা গিয়েছে, জখম বৃদ্ধর নাম জলেদ সেখ (৬৫) তার বাড়ি মারাভাঙ্গি গ্রামে। অভিযুক্ত প্রতিবেশী যুবকের নাম বাবুল আলি (৩০)। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, হিমাস আগে জখম বৃদ্ধার বাড়িতে পাথর ছোঁড়াকে কেন্দ্র করে প্রতিবেশী বাবুদের পরিবারের বিবাদ হয়। সেই রাগে ফুঁসছিলেন



অভিযুক্ত যুবক বাবুদের পরিবারের লোকেরা। খুন করার পরিকল্পনা করে চাকু নিয়ে মসজিদে নামাজ পড়তে যায় অভিযুক্ত যুবক। বৃদ্ধ'র পাশে বসে

নামাজ পড়ছিল যুবক তার পরিবারের লোকেরা। দ্বিতীয় সিজদা দেওয়ার সময় বৃদ্ধ'র গলায় চাকু চালিয়ে দেন যুবক। ঘটনায় চাঞ্চল্য ছড়িয়ে পড়ে। গ্রামের লোকেরা ধরে ফেলে যুবককে। তড়িঘড়ি বৃদ্ধ কে রক্তাক্ত অবস্থায় হরিশচন্দ্রপুর গ্রামীণ হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক আশঙ্কাজনক অবস্থায় চার্চল সুপার পেশোপলিট হাসপাতালে স্থানান্তর করে দেন। সেখানে মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছেন বৃদ্ধ। ঘটনার পর অভিযুক্তের পরিবার বাড়ি ছেড়ে পালিয়ে যায়। জখম বৃদ্ধ'র স্ত্রী হাজেরা বিবি বলেন, স্বামীকে পরিকল্পনা করে খুন করার টার্গেট নিয়েছিল অভিযুক্ত যুবকের বাবুল। ঘটনায় তার পরিবারের লোকেরাও যুক্ত রয়েছেন। তাদের কঠোর শাস্তির দাবি করছি। গোটা ঘটনা তদন্ত শুরু করেছে হরিশচন্দ্রপুর থানার পুলিশ।

শিলিগুড়ি মহাকুমার কামাদগছে বাঁশ চুরির অভিযোগে বেধড়ক মারে মৃত ১, গ্রেফতার ১

দূরস্বভাবা, শিলিগুড়ি : শিলিগুড়ি মহাকুমা পরিষদের অন্তর্গত ফাঁসিদেওয়া রুকের কামাদগছে বাঁশ চুরি করার অভিযোগে বেধক মারধরে মৃত্যু এক ব্যক্তির। এই ঘটনায় একজনকে গ্রেফতার করল বিধাননগর থানার পুলিশ। ধূতের নাম সুভাষ সিংহ (৪৫) উত্তর দিনাজপুর জেলার চৌপাড়ার সাধুরামগঞ্জ এলাকার বাসিন্দা। পেশায় পেঙ্গলের ব্যবসায়ী। উল্লেখ্য বৃহস্পতিবার কামাদগছে প্যাঙলের বাস চুরি করার অভিযোগ স্থানীয় তিনজন ব্যক্তি মিলে মঙ্গল টুডু নামে এক

ব্যক্তিকে বেধড়ক মারধর করে। এবং অজ্ঞান হয়ে যায় এরপরেই ওই ব্যক্তি টেনে হিঁজড়ে বাড়িতে রেখে যায় ওই ব্যক্তিকে। এই দেখে ওই ব্যক্তি ছোট ছেলে তপন টুডু তার বড় দাদাকে খবর দেন। খবর পেয়ে তড়িঘড়ি ওই ব্যক্তিকে বড় ছেলে স্বপ্নন টুডু এসে দেখেন তার বাবা অজ্ঞান অবস্থায় পড়ে রয়েছে। এরপর তড়িঘড়ি উদ্ধার করে বিধান নগর প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক দেখে মৃত বলে ঘোষণা করেন। খবর পেয়ে তড়িঘড়ি ঘটনাস্থলে ছুটে যায় বিধান নগর থানার পুলিশ। এরপর

পুলিশ মৃতদেহটি উদ্ধার করে এবং ময়নাতদন্তের জন্য উত্তরবঙ্গ মেডিকেল কলেজ ও হাসপাতালে পাঠায়। অবশেষে শুক্রবার তিনজন ব্যক্তির নামে লিখিত অভিযোগ দায়ের করেন মৃতের ছেলে স্বপ্নন টুডু। পুলিশ লিখিত অভিযোগের ভিত্তিতে গোটা ঘটনা তদন্তে নেমে সুভাষ সিংহ নামে এক ব্যক্তিকে গ্রেফতার করে। অন্যদিকে বাকি দুই ব্যক্তির খোঁজে তল্লাশি শুরু করেছে বিধান নগর থানার পুলিশ। শনিবার ধৃতকে শিলিগুড়ি মহকুমা আদালতে তোলা হবে।

প্রেমিক যুগলের মর্মান্তিক মৃত্যু পুরুলিয়ায়



দূরস্বভাবা, পুরুলিয়া : প্রেমের এমন মর্মান্তিক পরিণতিতে বাকরুদ্ধ এলাকার মানুষ। অল্প বয়সে মানুষ প্রেমে অন্ধ হয়ে ওঠে। পুরুলিয়ার কেন্দার চাকলতোড় প্রক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে তারেকের নিয়ে যাওয়া হয়। সেখানেই চিকিৎসকরা তাকে মৃত বলে ঘোষণা করেন। সাবিত্রী ও শৌভিকের স্কুল জানা থেকেই প্রেম। গত ৫ বছর ধরে তারা এই সম্পর্কে ছিলেন। সাবিত্রী আদিবাসী। শৌভিক ভিন্ন জাতের। তাই দুই পরিবার এই প্রেমের সম্পর্ককে মনে নিতে পারেনি। বুধবার ভোর রাতে ওই প্রেমিক যুগলের বুলন্ত মৃতদেহ উদ্ধার করে পুলিশ। অসম প্রেমের উন্মাদ মর্মান্তিক পরিণতিতে শোকস্তব্ধ প্রায় সমগ্র কেন্দাই। পুলিশ জানিয়েছে, ‘আমাদেরকে আর পাবি না। আমরা জীবন ছেড়ে যাচ্ছি।’ বুধবার ভোর রাতে ওই প্রেমিক যুগলের বুলন্ত মৃতদেহ উদ্ধার করে পুলিশ। অসম প্রেমের উন্মাদ মর্মান্তিক পরিণতিতে শোকস্তব্ধ প্রায় সমগ্র কেন্দাই। পুলিশ জানিয়েছে, মৃত প্রেমিক যুগলের নাম শৌভিক মঙ্গল (১৮) ও সাবিত্রী সিং সর্দার (১৮) শৌভিকের বাড়ি কেন্দার রাজনওয়াগড়ে। সাবিত্রী

থাকতেন কেন্দা থানার ধবনি গ্রামে। কেন্দার তালতল জঙ্গল থেকে ওই তরুণ-তরুণীর মৃতদেহ উদ্ধার করা হয়। পুরুলিয়া ১ নম্বর রুকের চাকলতোড় প্রক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্রে তারেকের নিয়ে যাওয়া হয়। সেখানেই চিকিৎসকরা তাকে মৃত বলে ঘোষণা করেন। সাবিত্রী ও শৌভিকের স্কুল জানা থেকেই প্রেম। গত ৫ বছর ধরে তারা এই সম্পর্কে ছিলেন। সাবিত্রী আদিবাসী। শৌভিক ভিন্ন জাতের। তাই দুই পরিবার এই প্রেমের সম্পর্ককে মনে নিতে পারেনি। বুধবার ভোর রাতে ওই প্রেমিক যুগলের বুলন্ত মৃতদেহ উদ্ধার করে পুলিশ। অসম প্রেমের উন্মাদ মর্মান্তিক পরিণতিতে শোকস্তব্ধ প্রায় সমগ্র কেন্দাই। পুলিশ জানিয়েছে, মৃত প্রেমিক যুগলের নাম শৌভিক মঙ্গল (১৮) ও সাবিত্রী সিং সর্দার (১৮) শৌভিকের বাড়ি কেন্দার রাজনওয়াগড়ে। সাবিত্রী

বিয়ের কার্ড নিয়ে সাইকেলে করে বান্ধবীদেরকে নিমন্ত্রণের জন্য ঘর ছাড়েন তিনি। তারপর আর ফেরেননি। অন্যদিকে, পুরুলিয়া শহরের একটি কারখানায় কাজ করা শৌভিক তার মামাতো ভাইকে মোবাইলে মেসেজ করে জানিয়ে ছিল, অত্মাদেশেরকে আর পাবি না। আমরা জীবন ছেড়ে যাচ্ছি। আমাদেরকে তালতলার জঙ্গলে পাবি। ত ওই দিন সন্ধ্যার আগে ওই বার্থা পেয়ে শৌভিকের পরিবারকে জানিয়েছিল সে। শুরু হয়েছিল কাণাখুঁজি। সামগ্র তালতল এলাকা চষেও তাদের পাওয়া যায়নি। পরে জানানো হয়েছিল পুলিশকে। বুধবার ভোর রাতে জঙ্গলের এক প্রান্তে গাছে বুলতে দেখা যায়। লাল রঙের লেগিঙ্গ পাড়া ইটের সালোয়ারে ওড়নার শর্টস কাপিয়ে ঝুলছেন সাবিত্রী। আর তার পাশেই সাদা পাজমা ও নীল রঙের টি-শার্টে গলায় গামছা জড়িয়ে শৌভিক।

হুগলি-টুঁচুড়া পৌরসভায় ঈদের দিনে ক্ষোভ ইমামবাড়া সংলগ্ন বাসিন্দাদের

দূরস্বভাবা, প্রতিনিধি : ঈদের সকালে বিক্ষোভ নয় নম্বর ওয়ার্ডে, পরিষ্কার পরিচ্ছন্নতা ঘিরে ক্ষোভের মুখে জনপ্রতিনিধি। হুগলি-টুঁচুড়া পৌরসভার ৯ নম্বর ওয়ার্ডে ঈদের দিনে ক্ষোভে ফেটে পড়লেন ইমামবাড়া সংলগ্ন এলাকার বাসিন্দারা। অভিযোগ, ঈদের আগে বহুদার জানানো সন্ত্বেও এলাকা পরিষ্কার না করায় পবিত্র দিনে আবর্জনার মাঝে ঈদ উদযাপন করতে হচ্ছে। সকালে পৌরসভার আবর্জনা ফেলার গাড়ি পৌঁছিলে স্থল্ধ নীয়ারা ক্ষিপ্ত হয়ে তা তাড়িয়ে দেন। এলাকাবাসীর স্পষ্ট অভিযোগ, অতখন ঈদের আগের দিন পরিষ্কার করা হয়নি, তখন আজ ঈদের দিনেও কেন হবে?দ পরবর্তীতে কিছুটা সময় পেরোতেই পরিস্থিতি কিছুটা স্বাভাবিক হয় এবং আংশিকভাবে এলাকা পরিষ্কার করা হয়। এই বিষয়ে ৯ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর সুপর্ণা সেন জানান, তলবার এবং গাড়ির ঘাটতির কারণে সমস্যা হয়েছে। সকালে কর্মী পাঠানো হয়েছিল, কিন্তু স্থানীয়রা বাধা দেন। বিষয়টি আমি সিআইসি-কে জানিয়েছি, দ্রুত এলাকা পরিষ্কারের ব্যবস্থা নেওয়া হবে দর্দদের সকালে এমন পরিস্থিতি ঘিরে এলাকায় চাঞ্চল্য ছড়ায়, প্রশ্ন উঠছে পৌরসভার দায়িত্ববোধ নিয়েও।

কিশোরীগঞ্জে নদীভাঙ্গন এলাকা পরিদর্শনে জেলা শাসক ও রাজ্যের মন্ত্রী



দূরস্বভাবা, পূর্বস্থলী প্রসেনাজিং দেবনাথ : পূর্বস্থলী ১ নম্বর ব্লকের নসরতপুর গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত কিশোরীগঞ্জ গ্রামে ভাগীরথী নদীর ভয়াবহ ভাঙন চিত্র সরেজমিনে পরিদর্শন করলেন জেলা প্রশাসনের উচ্চপদস্থ আধিকারিকরা ও রাজ্যের মন্ত্রী। এই পরিদর্শনে উপস্থিত ছিলেন পূর্ব বর্ধমান জেলার জেলাশাসক আয়েশা রানী এ, রাজ্যের মন্ত্রী স্বপন দেবনাথ, কালনা মহাকুমা শাসক শুভম আগারওয়াল, ব্লক উন্নয়ন আধিকারিক (বিডিও) সঞ্জয় সেনাপতি, পঞ্চায়েত সমিতির সভাপতি দিলীপ মল্লিক সহ একাধিক প্রশাসনিক কর্তা। সন্ধ্যাতি কিশোরীগঞ্জ এলাকায় ভাগীরথী নদীর তীব্র ভাঙনে নদী সংলগ্ন বহু পরিবার আতঙ্কের মধ্যে রয়েছেন। রাতভর নদীর স্রোতের গর্জন ও মাটি সরে যাওয়ার দৃশ্যের কারণে অনেকেই প্রায় ঘুমহীন রাত কাটাচ্ছেন। বহু ঘরবাড়ি ও চাষের জমি নদীগর্ভে বিলীন হওয়ার আশঙ্কা তৈরি হয়েছে। এই পরিস্থিতিতে প্রশাসনের তরফে দ্রুত পদক্ষেপ নিতে এদিন এই পরিদর্শন কর্মসূচি গৃহীত হয়। জায়গাটি পরিদর্শনের পর পূর্ব বর্ধমানের জেলাশাসক আয়েশা রানী এ জানান, ‘ইতিমধ্যে সেচ দপ্তরের সঙ্গে আলোচনা হয়েছে। আপাতত কিশোরীগঞ্জে প্রায় ৭০০ মিটার নদীভাঙন রোধে কাজ শুরু করা হবে। পুরো এলাকায় সার্ভে চালিয়ে দেখা হচ্ছে অন্যত্র কোথাও ভাঙনের আশঙ্কা আছে কিনা। প্রাথমিকভাবে প্রায় ২ কোটি টাকার বেশি ব্যয়ে ওই প্রতিরোধমূলক কাজ শুরু হবে।’ মন্ত্রী স্বপন দেবনাথ বলেন, তদীদীভাঙন একটি দীর্ঘদিনের সমস্যা। প্রশানন ও সরকার এই সমস্যাকে গুরুত্ব সহকারে নিচ্ছে। মানুষের নিরাপত্তা ও বসতবাড়ি রক্ষার্থে দ্রুত ব্যবস্থা নেওয়া হবে।এদদিনের পরিদর্শন ও ঘোষণার ফলে এলাকার মানুষজনের মধ্যে কিছুটা আশার আলো দেখা দিয়েছে। তবে তারা দ্রুত কাজ শুরুর দাবি জানিয়েছেন। স্থানীয় বাসিন্দারা জানান, প্রতি বছর বর্ষাকালে এই ধরনের ভাঙন নতুন করে উদ্ভেগ বাড়িয়ে তোলে। তাই এবার দেন সমরমতো এবং স্থায়ী সমাধানমূলক ব্যবস্থা নেওয়া হয়, এই আবেদন জানিয়েছেন তারা।

কৃষকের বিকাশের উদ্যোগে গঙ্গাসাগরের প্রত্যন্ত অঞ্চলে কৃষি অভিযান



দূরস্বভাবা, গঙ্গাসাগর : গঙ্গাসাগরের তিন হাজারেরও বেশি কৃষক একত্রিত হয়ে সাগর দ্বীপের রুহনগর, গোবিন্দপুর, কমলপুর, কৃষ্ণনগরে অনুষ্ঠিত হলো বিকশিত কৃষি সংস্কল্প অভিযান। গ্রামীণ উন্নয়ন, বৈজ্ঞানিক কৃষিচর্চা, সচেতনতা এবং কৃষককেন্দ্রিক আলোচনার মাধ্যমে কৃষকদের ক্ষমতায়নের লক্ষ্যে এই জাতীয় কর্মসূচি সংগঠিত করল আইসিএআর,সিআইএফঅব্ধারআই, যৌথভাবে কৃষি বিজ্ঞান কেন্দ্র, নিমপীঠ এবং সাগর-কৃষ্ণনগর স্থানী বিবেকানন্দ ইয়ুথ কালচার সোসাইটির সঙ্গে। অনুষ্ঠানে আলোচিত হয় সাগর দ্বীপের কৃষি পরিকল্পনা, পান ও তুলো চাষ, মাটি স্বাস্থ্য ব্যবস্থস্থাপনা এবং অভ্যন্তরীণ মৎসাব্যয়ের উন্নয়ন। এই অনুষ্ঠানের প্রধান অা্থ্য কর্ণ ছিল জলবায়ু সহনশীল কৃষি ও মৎস্য চাষ সমন্বিত মাছচাষ পদ্ধতি, মাটি-জল সংযোগ ব্যবস্থাপনা বিষয়ক এক অধিবেশন। সুন্দরবনের ভঙ্গুর ও পরিবর্তনশীল পরিবেশকে মাথায় রেখে উদ্ভাবনী কৌশল প্রয়োগের প্রয়োজনীয়তার উপর জোর দেওয়া হয়। মৌসুমি কৃষি, অভিযোজিত মৎস্যচাষ এবং সমন্বিত কৃষি পদ্ধতির ওপর গুরুত্বারোপ করে আলোচনা হয় যা জলবায়ু পরিবর্তনের ক্রমবর্ধমান প্রভাব মোকাবেলায় সহায়ক। এর পাশাপাশি একটি মতবিনিময় পর্বে মৎস্যজীবী ও কৃষকেরা তাদের স্থানীয় জ্ঞান, বাস্তব সমস্যা ও অভিজ্ঞতা তুলে ধরেন এবং উপস্থিত বিজ্ঞানীরা তাঁদের পরামর্শ দেন। এতে এক আন্তরিক ও অংশগ্রহণমূলক পরিবেশ সৃষ্টি হয় যা গবেষক ও কৃষক সমাজের মধ্যে পারস্পরিক আস্থা ও বিশ্বাসের প্রয়োজন। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সুন্দরবন উন্নয়ন মন্ত্রী শ্রী বঙ্কিম হাজারা মহাশয়; ড. বি. কে. দাস, পরিচালক, আইসিএআর,সিফির, ব্যারাকপুর; ড. দীপক কুমার ঘোষ এবং সোমানাথ সরকার, কেভিভে, নিমপীঠ এবং সিফিরর অন্যান্য গবেষকবৃন্দ, মার্সা কারিগরি পরামর্শ এবং উৎসাহ প্রদান করেন। এই কর্মসূচি গ্রামীণ সুন্দরবনে আত্মনির্ভরশীল ও পরিবেশ সচেতন জীবিকাব্যবস্থা গড়ে তোলার পথে এক গুরুত্বপূর্ণ পদক্ষেপ হিসেবে চিহ্নিত হল।

খাবার-দাবার

বাঙালি স্বাদের খিচুড়ি ভুলে যান, এবার হয়ে যাক দক্ষিণী স্টাইলে ঘি ছড়িয়ে পরিবেশন করুন ভিন্ন স্বাদের এই খিচুড়ি ‘বিসি বেলে বাথ’

৭ জুন ঃ ভাত, ডাল, ভাজা আর যে কোনও একটা মাছের পদ এই হল বাঙালির কমফার্ট ফুড। বৃষ্টির দিনে সেই কমফার্ট ফুড ভাত, ডাল, মাছের বদলে হয়ে যায় খিচুড়ি। বৃষ্টির দিনে চালে-ডালে দুটো বসিয়ে দুপুরে সেটাই পছন্দের যেকোনও ভাজা দিয়ে খেয়ে উদরপূর্তি করতে বাঙালির জুড়ি মেলা ভার। অনেক তো বাঙালি স্বাদের খিচুড়ি খাওয়া হয়েছে। রান্না নিয়ে এক্সপেরিমেন্ট করতে ভালোবাসলে এই বর্ষায় বাড়িতে বানিয়ে ফেলতে পারেন দক্ষিণী স্বাদের খিচুড়ি।
কর্নাটকের শতাব্দীপ্রাচীন জনপ্রিয় পদ যার নাম ‘বিসি বেলে বাথ’। সম্প্রতি আইপিএলে আরসিবির জয়ে অনুরাগীরা কিন্তু কন্ম। ভাষার প্রতি ভালোবাসা উজ্জ। করে দিয়েছে। তার ফলে সবার মুখে মুখে ফিরছে এখন কন্ম। ভাষায় “ই সালা কাপ নামদু”। ভাষার মতোই কর্নাটকের খাবারকে আপন করে নিতে চান, রইল রেসিপি।

উপকরণ ঃ এই খিচুড়ির মশলা তৈরির জন্য লাগবে আধ কাপ

ছোলার ডাল, ২ টেবিল চামচ

২ টেবিল চামচ



জিরে, ২ টেবিল চামচ পোস্ত দানা, সাদা তিল, আধ চা চমচ গোটা গোলামরিচ, মেথি দানা, আধ কাপ গোটা ধনে, ৬টি ছোট এলাচ, ১ চা চামচ তেল, হলুদ গুঁড়ো, ১০-১২টি শুকনো লক্ষা, লবঙ্গ ৬-৪টি, হিং প্রয়োজনমতো, আধ কাপ শুকনো

নারকেলের টুকরো। খিচুড়ি রান্নার

জন্ম। লাগবে- ৪ কাপ আহর ডাল,

বানিয়ে নিতে হবে মশলা। একটি

পাত্রে শুকনো খোলায় ভেজে নিন

তাতে শুকনো লক্ষা ও শুকনো নারকেল দিয়ে ভাল ভাবে ভেজে নিয়ে সরিয়ে রেখে দিন। ঠান্ডা হলে সব মশলা একসঙ্গে ব্রেন্ড করে নিন। তৈরি হয়ে যাবে আপনার বিসি বেলে বাথের মশলা। এটি রাখুন ঢাকা বন্ধ কৌটোয়।

এরপর খিচুড়ি তৈরির জন্য চাল, ডাল ও সমস্ত সবজি, ৫-৬ কাপ জল, তেল, হলুদ গুঁড়ো দিয়ে সিদ্ধ করে নিন। সিদ্ধ হয়ে গেলে আঁচ বন্ধ করে বেশ কিছুক্ষণ তা রেখে দিয়ে কুকার থেকে বের করুন। এরপর কড়াইতে ঘি ও কাঁজু বাদাম সামান্য ভেজে নিয়ে তাতে সরষে, কারিপাতা, শুকনো লক্ষা ও হিং দিয়ে ভেজে নিন। ভাজা হয়ে গেলে তাতে দিন টমেটো, কাপসিকাম, কড়াইশুঁটি, নুন। এরপর তাতে যোগ করুন তেঁতুল ও গুড়া অল্প জল দিয়ে ফুটে উঠলে সিদ্ধ করে রাখা চাল, ডাল ও সবজি তৈরি করা মশলার সঙ্গে মিশিয়ে নিন। এরপর এতে প্রয়োজন মতো জল দিয়ে উপর থেকে বাদাম, ধনেপাতা দিয়ে সাজিয়ে সামান্য ঘি ছড়িয়ে পরিবেশন করুন ভিন্ন স্বাদের এই খিচুড়ি ‘বিসি বেলে বাথ’।

গরমে সুস্থ থাকতে আপনিও ডায়েট চাটে রাখুন ‘সিন্দি কারি’ সাধের লাউ’য়ের পদেই হবে পেট ঠান্ডা

নিয়মিত শরীরচর্চা, যোগাভ্যাসের পাশাপাশি খাওয়াদাওয়াও মেপেঝুপে করা প্রয়োজন। তার পাশাপাশি কাওয়া-দাওয়ার টেবিলে থাকা প্রয়োজন স্বাস্থ্য সচেতনমূলক খাদ্য। সেই হিসাবে আজ তুলে ধরছি রকমারি ডাল। তবে আজ তার থেকেও প্রিয় জিনিসটার রেসিপি বলা হলে ভালো হয়। সেটা হল সিন্দি কারি। যা এই গরমে শরীর সুস্থ রাখার মোক্ষম অস্ত্র। কারণ সবরকমের মরশুমি সবজি দিয়ে তৈরি এই পদ শরীরে পুষ্টি জোগায়। কীভাবে রাঁধবেন সিন্দি কারি দেশে নিন- উপকরণ-

বেসন (ছোলা আটা)ঃ ১ কাপ
গরম জলঃ ২ কাপ
তেলঃ ২ টেবিল চামচ
জিরেঃ ১ চা চামচ
সর্ষে গোটা ঃ ১ চা চামচ
মেথিঃ ১ চা চামচ
হিং ঃ হাফ চা চামচ

সবজি (আপনার পছন্দ অনুযায়ী)
আলু ২ টি (ছোট ছোট করে কাটা)
বিসসঃ ১ কাপ (ছোট ছোট করে কাটা)



গাজরঃ১টি (ছোট ছোট করে কাটা)
কারি পাতাঃ ১২ টি
লাল লক্ষাগুঁড়োঃ১ চা চামচ
নুগঃ স্বাদ অনুযায়ী
তেঁতুল বাটাঃ ১ টেবিল চামচ (টিক স্বাদ বাড়াতো)
ঘি- ২ টেবিল চামচ
প্রণালী- প্রথমে বেসন ও গরম জল

একসাথে মিশিয়ে একটি মসৃণ পেস্ট তৈরি করুন। একটি পাত্রে তেল গরম করে জিরে, সরষে, মেথি ও হিং ফোড়ন দিন। এবার কেটে রাখা সবজিগুলো কড়ায় দিয়ে নুন দিয়ে নেড়ে নিন। সাতলে এলে এতে বেসনের পেস্ট দিন। এবার মাঝারি আঁচে ঢেকে ১৫ মিনিট সবজি সেদ্ধ হওয়া অবধি অপেক্ষা করুন। এবার আলাদা একটা কড়ায় ঘি গরম করে তাতে কারি পাতা

লাউয়ের জুড়ি মেলা ভার! কিন্তু অনেকেই লাউ খেতে চান না। তাই একসেয়ে লাউয়ের রান্না না করে এবার বরং কিছু অন্যরকম ট্রাই করুন। যদিও রন্ধন পটীয়সীদের ভালেই জানা যে ঠাকুমা-দিদিমাদের আমলে লাউয়ের কতরকম পদ দিয়ে খাওয়া হত। তবে কালে কালে সেসবের পাঠ হৈশেলে থেকে উঠে গেলেও পুরনো সেই রেসিপিগুলোই কিন্তু পাত সাফ করার মোক্ষম অস্ত্র। তাই ঝটপাট জেনে নিন একগুচ্ছ লাউয়ের রেসিপি।

লাউয়ের মালাইকারি- উপকরণ-মাঝারি সাইজের একটি লাউ, পরিমাণমতো সরষের তেল, নারকেল চোঁড়া, নারকেল দুধ, গোটা জিরে, শুকনো লক্ষা, আদাবাটা, হলুদ গুঁড়ো, নুন ও চিনি আদ্যাদ্ভমতো। প্রণালী- লাউ ভালো করে ধুয়ে নিন।

তারপর ডুমো ডুমো করে কেটে নিন। এরপর কড়াইয়ে দু থেকে তিন কাচ সরষের তেলে দিয়ে মাঝারি আঁচে গরম করুন। তেলে গরম হয়ে আসলে, তারমধ্যে জিরে, শুকনো লক্ষা ফোঁড়ন দিয়ে দিন। তারপর এই কড়াইয়ের মধ্যে আদা বাটা ও কেটে রাখা লাউ দিয়ে ভাল করে নাড়তে থাকুন। এরপর এরমধ্যে আদ্যাদ্ভমতো নুন, চিনি ও হলুদ গুঁড়ো দিয়ে দিন। এরপর ভাল করে নাড়তে থাকুন। কিছুক্ষণ পর নারকেলের দুধ দিয়ে এবার ভাল করে নেড়ে নিন। এর মধ্যে পরিমাণমতো গরম জল দিন। কিছুক্ষণ নেড়েচেড়ে নিয়ে কড়াইটি ঢাকা দিয়ে দিন। ১০ থেকে ১৫ মিনিট এরমন্ ঢাকা দিয়ে রাখুন, তারপর ঢাকা খুলে এর মধ্যে নারকেল কুড়া দিয়ে দিন। ভাল করে নাড়িয়ে নিন। তৈরি আপনার লাউয়ের মালাইকারি। গরম গরম ভাতের সঙ্গে কিন্তু এটি খেতে দারুণ লাগবে।

আমাকে ছাড়া ট্রাম্প জিততেই পারতেন না’, বিস্ফোরক এলন মাস্ক

ওয়াশিংটন, ৭ জুন ঃ ডোনাল্ড ট্রাম্প ও এলন মাস্কের সম্পর্কের ফাটল ধরেছিল এটা সকলেই জানি, আর এখন তা ক্রমেই চণ্ডাও থেকে আরও চণ্ডাও হচ্ছে! গত সপ্তাহেই ট্রাম্পের বিলের সমালোচনা করে প্রশাসনিক উপদেষ্টার পদ ছেড়েছিলেন টেসলা কর্তা। বৃহস্পতিবার মার্কিন প্রেসিডেট সাংবাদিকদের মুখোমুখি হয়ে হতশারি সুরে বলেছিলেন, মাস্কের আচরণ হতাশাজনক। এবার পাঁচটা এলন মাস্ক দাবি করলেন, তাঁকে ছাড়াই জিততে পারতেন না ট্রাম্প। হোয়াইট হাউসের দখল নিতেন ডেমোক্র্যাটরা।

এক্স হ্যান্ডলে মাস্ক লিখেছেন, ‘আমাকে ছাড়া ট্রাম্প নির্বাচনে লড়লে হারতেন। ডেমোক্র্যাটরা হাউসের দখল নিতেন। এবং রিপাবলিকানরা সেনেটে ৫১-৪৯

অবস্থানে থাকতেন।’ স্বাভাবিক ভাবেই তাঁর হেহেন পোস্ট ভাইরাল হয়ে গিয়েছে। চর্চা শুরু ওয়াকিবহাল মহলে। জবাবে ট্রাম্প কী বলেন সেদিকেও তাকিয়ে সকলে। গতবৃহস্পতিবারই মার্কিন প্রেসিডেন্টকে বলতে শোনা গিয়েছিল, দেখুন, আমার আর এলনের মধ্যে সম্পর্কটা দারুণ ছিল। কিন্তু আমি জানি না আমরা আর তেমন থাকব কিনা। সেই সঙ্গেই হতাশা ব্যক্ত করে তিনি বলেন, আমি অত্যন্ত হতাশ এলনকে নিয়ে। অথচ ডোনাল্ড ট্রাম্প দ্বিতীয়বার মার্কিন মনসদে বনার পর শীর্ষ উপদেষ্টার পদ দিয়েছিলেন ‘এলন মাস্ককে। তার আগে ট্রাম্পের নির্বাচনী সভায় বলে দেয়া হয়েছিল যে সেখানে বাইডেনকে বিধে বরীয়ান রিপাবলিকান নেতার জয়ধ্বনি দেন

তিনি। দাবি করেন, আমেরিকার গণতন্ত্রকে রক্ষা করতেই ট্রাম্পকে জেতানো জরুরি। তিনি সকলকে সতর্ক করে বলেন, এবার ট্রাম্প না



সেই ট্রাম্পই মনসদে বসতে না বসতেই দু’জনের সম্পর্ক এই জায়গায় পৌঁছাবে তা কার্যতই অকল্পনীয় ছিল। যা চূড়ান্ত আকার



নিয়েছে ট্রাম্পের বিল নিয়ে মাস্কের মন্তব্যের পর। তিনি বলেন, কোনও বিল বিগ হতেই পারে। আবার সেটা বিউটিফুল

হতে পারে। কিন্তু আমার জানা নেই একসঙ্গে দুটোই হতে পারে কিনা। এই বিল ইতিমধ্যেই বিপুল আকার ধারণ করা বাজেট ঘাটতিকে আরও বাড়িয়ে ২.৫ ট্রিলিয়ন ডলারে পরিণত করবে। কংগ্রেস আমেরিকাকে দেউলিয়া বানিয়ে ছাড়বে। স্বাভাবিক ভাবেই এমন মন্তব্যকে ভালোভাবে নেননি ট্রাম্প। যদিও মার্কিন প্রশাসনের বিশেষ কর্মকর্তারপে তিনি নিযুক্ত হয়েছিলেন ১৬০ দিনের জন্য। ট্রাম্প সেই মেয়াদ আর না বাড়ানোর সিদ্ধান্ত নিয়েছেন। মাস্কও একদিন আগে পদত্যাগ করেছেন। তারপরই স্ফোভ উগরে দিতে শুরু করেছেন। আগামিদিনে এই সংঘাত আরও তীব্র আকার ধারণ করবে এটা ওয়াকিবহাল মহল বুঝতে পারছেন।

কানাডার নতুন সরকারের সঙ্গে কি সম্পর্ক উষ্ণ হবে ভারতের এক্স বার্তায় অভিনন্দন জানিয়েছেন ভারতের প্রধানমন্ত্রী

নয়াদিল্লি, ৭ জুনঃ কানাডার সঙ্গে ভারতের জমাটবাঁধা কূটনৈতিক সম্পর্ক সম্ভবত গলতে শুরু করেছে। ভারতের বিদেশমন্ত্রী এস জয়শঙ্করের সঙ্গে কথা হয় কানাডার নতুন সরকারের পররাষ্ট্রমন্ত্রী অনিতা আনন্দের। এর আগে কানাডার নতুন প্রধানমন্ত্রী মার্ক কার্নিকে ‘এক্স বার্তা’র অভিনন্দন জানিয়ে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছিলেন, ‘দ্বিপক্ষীয় সম্পর্ক জোরদার করতে তিনি নতুন প্রধানমন্ত্রীর সঙ্গে কাজ করতে ইচ্ছুক।

কানাডায় বসবাসকারী খালিস্তান আন্দোলনের মদদ দেওয়ার প্রশ্নে বিদায়ী প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো সরকারের সঙ্গে ভারতের সম্পর্ক তালনিতে ঠেকেছিল। নতুন প্রধানমন্ত্রীর ঠেকানকে ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির অভিনন্দন বার্তা ও ভারতীয় বংশোদ্ভূত কানাডার বিদেশমন্ত্রী অনিতা আনন্দের সঙ্গে জয়শঙ্করের ফোনালাপের মধ্য

দিয়ে বোঝা যাচ্ছে, সম্পর্ক ভালো করতে ভারত ও কানাডা দুই দেশই আগ্রহী। মনে করা হচ্ছে, দুই বিদেশমন্ত্রীর



কথাবার্তার পর দ্বিপক্ষীয় সম্পর্কের জমাটবাঁধা বরফ গলতে শুরু করবে। ফোনে আলোচনার পর জয়শঙ্কর ‘এক্স বার্তায় বলেন, ‘বিদেশমন্ত্রী অনিতা আনন্দের সঙ্গে কথা

হলে। নতুন দায়িত্ব গ্রহণের জন্য তাঁকে অভিনন্দন জানিয়েছি। দুই দেশের সম্পর্কের সম্ভাবনা নিয়ে তাঁর সঙ্গে কথা হয়েছে। তাঁর

ক্ষেত্রগুলো গভীরতর করা ও অভিন্ন আগ্রাধিকারগুলো ব্রূহাণিত করতে ফলপ্ৰসূ আলোচনা হয়েছে। যৌথভাবে কাজ করতে মুখিয়ে আছি।’ ওই ঘটনার পর থেকে ক্রমেই ভারত-কানাডা সম্পর্কের অবনতি ঘটতে থাকে। ভারতের অভিযোগ, পার্লামেন্টে সংখ্যাগরিষ্ঠতা হারানো ট্রুডো শিখ সমর্থনের জন্য ওই অভিযোগ তুলেছেন। সম্পর্কের অবনতির ফলে দুই দেশই কূটনীতিকদের বহিস্কার করে। গত এপ্রিলে নির্বাচনে জয়ী হয়ে মার্ক কার্নি প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণ করেন। তাঁকে অভিনন্দন জানিয়ে একসঙ্গে কাজ করার ইচ্ছা প্রকাশ করেছিলেন মোদি। ‘এক্স বার্তায় লিখেছিলেন, দুই দেশের গণতান্ত্রিক মূল্যবোধ অভিন্ন। দুই দেশই আইনের শাসনের প্রতি অঙ্গীকারবদ্ধ। দুই দেশের জনগণের সার্বিক কল্যাণে একযোগে কাজ করার জন্য তিনি আগ্রহপ্রিয় থাকছেন। জয়শঙ্কর-আনন্দের সংলাপ

কবে ভোট বাংলাদেশে? দিনক্ষণ জানালেন ইউনুস

৭ জুন ঃ চলতি বছর বাংলাদেশে হচ্ছে না সাধারণ নির্বাচন। আগামী বছরেই তা হবে। শুক্রবার জাতির উদ্দেশে ভাষণে দিনক্ষণ ঘোষণা করলেন বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা মহম্মদ ইউনুস। জানালেন, ২০২৬ সালের এপ্রিল মাসের প্রথমার্ধে নির্বাচন হবে। তাঁর কথায়, দেশে অন্তর্বর্তী সরকার গঠনের পর তিনটি কাজের দায়িত্ব নেওয়া হয়েছিল - সংস্কার, বিচার, নির্বাচন। সেসব কাজ শেষের পরই নির্বাচন হতে পারবে। এবিষয়ে দেশবাসীকে দিশা দেবে নির্বাচন কমিশন। ইউনুসের এই ঘোষণা ওয়াকিবহাল মহলের মত, ভোট নিয়ে বিএনপি, জামাত-সহ বিভিন্ন বিরোধী শিবিরের চাপের মুখেও বিশেষ নত হল না অন্তর্বর্তী সরকার। চলতি বছর ভোট না হয়ে তা পরের বছর পর্যন্ত বিলম্বিত করাই এর যথেষ্ট প্রমাণ। শুক্রবার সন্ধ্যায়, বকরি ইদের প্রাক্কালে জাতির উদ্দেশে ভাষণে ইউনুস বলেন, আগামী নির্বাচন হবে সবচেয়ে স্বচ্ছ, অবাধ, সৃষ্ট। দেশের ইতিহাস তা মনে রাখবে। ২০২৪ সালে বাংলাদেশে জুলাই বিপ্লব অর্থা বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলনের সময় যাঁদের মৃত্যু হয়েছে, সেসব ‘জন্য কিছু করে যেতে চায় ইউনুস সরকার।’ সনদ’ তৈরির মধ্যে দিয়ে তা হবে বলে মনে করছেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা। তাঁর কথায়, ‘ সনদ অনুযায়ী আশু করণীয় সংস্কারের কাজগুলো আমরা বাস্তবায়ন করতে প্রতিজ্ঞাবদ্ধ। বাকি অংশের বেশ কিছু কাজও আমরা শুরু করে যেতে চাই। আশা করি, অবশিষ্ট অংশ পরবর্তীতে নির্বাচিত সরকারের মাধ্যমে বাস্তবায়িত হবে।’ এদিন জাতির উদ্দেশে ভাষণে তিনি আরও বলেন, আমরা এমন নির্বাচন চাই যা দেখে জুলাই অভ্যুত্থানের শহিদদের আত্মা তৃপ্তি পাবে, তাদের আত্মা শান্তি পাবে। আমরা চাই, আগামী নির্বাচনে সবচেয়ে বেশি ভোটার, সবচেয়ে বেশি প্রার্থী ও দল অংশ নিক। এটা সবচেয়ে অবাধ, সৃষ্ট ও নিরপেক্ষ নির্বাচন হিসেবে জাতির কাছে স্মরণীয় থাকুক। দেশে ইতিমধ্যে এতদিনকার ক্ষমতাসীন দল আওয়ামী লিগকে নিষিদ্ধ ঘোষণা করা হয়েছে। তারা নির্বাচনে অংশ নিতে পারবে না। মনে করা হচ্ছে, আওয়ামী লিগের নির্বাচনী লড়াই থেকে এভাবে অপসারিত হয়ে যাওয়া বিএনপি-কে সুবিধা পাইয়ে দেবে। এখন দেশার, ইউনুসের ঘোষণার পর কতটা সুষ্ঠুভাবে ভোট হয় বাংলাদেশে।

দূষণমুক্ত ত্রিপুরা গড়ে তোলার আহ্বান রাজ্যপালের



আগরতলা, ৭ জুন ঃ দূষণমুক্ত ত্রিপুরা গাে তোলার জন্য রাজ্যপাল ইন্দ্রেনো রেডি নাল্লু শুক্রবার সকল রাজ্যবাসীর প্রতি আহ্বান জানিয়েছেন। ট্রেডার উদ্যোগে রাজ্যবনে নির্মিত ৪০ কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন রফটপ সোলার পাওয়ার প্ল্যান্টের উদ্বোধন করে রাজ্যপাল এইআহ্বান জানান। সংক্ষিপ্ত এই অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে রাজ্যপাল বলেন, কেঃ দ্রীয় সরকার পুনর্নবীকরণ শক্তির মাধ্যমে বিদ্যুৎ উপাদানের উপর বিশেষ জোর দিয়েছে। যার জন্য বর্তমান সময়ে সাধারণ মানুষকে সোলার পাওয়ার প্ল্যান্ট বসানোর জন্য তত্বকিও দেওয়া হচ্ছে। রাজ্যপাল রাজ্যবাসীকে নিজেদের বাড়ি ছাে সোলার পাওয়ার প্ল্যান্ট বসিয়ে নিজেদের বিদ্যুতের প্রয়োজনীয়তা মেটানোর পাশাপাশি উদ্বৃত্ত বিদ্যু দপ্তরের নিকট বিক্রয় করার জন্য পরামর্শ দেন। তিনি আরও বলেন, গ্রামীণ এলাকায় ক্ষরহায়ক দলের মাধ্যমে এই ধরনের পাওয়ার প্ল্যান্ট বসিয়ে সাধারণ নাগরিকদের বাটিতে বিদ্যু পরিষেবা প্রদান করা যেতে পারে। তাছাড়া কৃষিক্ষেত্রে সোলার পাওয়ার প্ল্যান্ট বিশেষ ভূমিকা নিতে পারে। আজকের এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যবনের সচিব ইউ কে চাকমা, ট্রেডার অধিকর্তা দেবব্রত শুক্লাস প্রমুখ।

জিনপিংকে পছন্দই করি, কিন্তু’,বললেন ট্রাম্প?

ওয়াশিংটন, ৭ জুন ঃ চিনের প্রেসিডেন্ট শি জিনপিং মানুষটাকে তিনি পছন্দ করেন। কিন্তু তাঁর সঙ্গে কোনও চুক্তি করাটা বেশ কঠিন। এমনই মন্তব্য করলেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। শোনা যাচ্ছে, এই সপ্তাহেই ফোনে কথা হতে পারে দুই রাষ্ট্রনেতারা। তার আগেই টুথ সোশাল মিডিয়ায় ট্রাম্পের এমন পোস্ট ঘিরে চর্চা শুরু।



ট্রাম্প লিখেছেন, ‘ চিনের শি-কে পছন্দ করি। সব সময়ই করে এসেছি। আগামিদিনেও করব। কিন্তু কোনও চুক্তি করার ক্ষেত্রে তিনি বড়ই কঠোর, অত্যন্ত কঠিন।’ আরেকটি পোস্টে তাঁকে লিখতে দেখা যায়, ‘ ৬০ বছরের সেরা মে মাসটার সাক্ষী আমেরিকা হয়েছে এবারই।’ শোনা গিয়েছে, এই সপ্তাহেই ফোনে কথা হবে ট্রাম্প ও জিনপিংয়ের। আর সেখানে কথা হবে শুষ্ক নিয়ে। সম্প্রতি চিনের বিরুদ্ধে শুষ্কচুক্তি ভঙ্গ করার অভিযোগ তুলেছিলেন ট্রাম্প। এরপর দু’জনের কথা হলে বিষয়টা কী দাঁড়ায় সেদিকে তাকিয়ে ওয়াকিবহাল মহল।

হোয়াইট হাউসের অধীশ্বর হওয়ার পর কার্যত গোটা বিশ্বের বিরুদ্ধে শুষ্কযুদ্ধের ঘোষণা করেছিলেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তাঁর পারস্পরিক শুষ্কনীতি বিপাকে ফেলে বেশিরভাগ দেশকে। ভারত, কানাডা, চিন-সহ একাধিক দেশের সঙ্গে ২ এপ্রিল থেকে ব্যাপক হারে পারস্পরিক শুষ্ক চাপিয়েছিল ট্রাম্প প্রশাসন। নয়া শুষ্কবিধি লাগুতে বাকি দেশগুলির জন্য ৯০ দিনের স্থগিতাদেশ জারি করলেও রেহাই মেলেনি চিনের। তাদের উপরে ১৪৫ শতাংশ ও কিছু কিছু ক্ষেত্রে তো ২০০ শতাংশের বেশি কর চাপিয়ে দেওয়া হয়। পালাটা ১২৫ শতাংশ কর চাপিয় চিনও। এমন অস্বাভাবিক শুষ্কের জেরে কার্যত বন্ধ হয়ে গিয়েছে চিন-আমেরিকার বাণিজ্য। এরপর গত মে মাসে ৯০ দিনের জন্য শুষ্ক ক্রমাতে রাজি হন মার্কিন প্রেসিডেঃট ডোলাভ ট্রাম্প ও চিনের প্রেসিডেন্ট শি জিনপিং। এই পরিস্থিতিতে এবার তাঁদের কথা হলে বিষয়টি কোনদিকে গড়ায় সেটাই দেখার।

ঈদ-উদ-জোহা, অসমে ইসলাম ধর্মাবলম্বীদের শুভেচ্ছা রাজ্যপালের

গুয়াহাটি, ৭ জুন ঃ ঈদ-উদ-জোহার প্রাক্কালে সকল ইসলাম ধর্মাবলম্বী জনসাধারণকে আন্তরিক শুভেচ্ছা ও উষ্ণ অভিনন্দন জানিয়েছেন রাজ্যপাল লক্ষণ প্রসাদ আচার্য। এক শুভেচ্ছা বার্তায় রাজ্যপাল লক্ষণ প্রসাদ আচার্য তাঁর আন্তরিক শুভেচ্ছা ও উষ্ণ অভিনন্দন জানিয়ে একে-অপরের প্রতি সহানুভূতিশীল হওয়ার আহ্বান জানিয়েছেন। শুভেচ্ছা বার্তায় তিনি লিখেছেন, ‘ উপলক্ষ্যে আমি রাজ্যের মুসলিম ভাই ও বোনদের আমার আন্তরিক শুভেচ্ছা ও উষ্ণ শুভেচ্ছা জানাই। একে-অপরের জন্য ভ্যাগের চেতনা পুনরুজ্জীবিত করে মানবতার বন্ধনকে আরও শক্তিশালী করতে সম্মিলিতভাবে কাজ করার জন্য আমি সকলের কাছে আবেদন জানাই।’ প্রকৃত চেতনায় উঁসব পালনের ওপর গুরুত্বারোপ করে রাজ্যপাল সকলের মধ্যে সম্প্রীতি, বিশ্বাস এবং বন্ধুত্ব বজায় রেখে অনুষ্ঠানটি উদযাপন করার আহ্বান জানান রাজ্যপাল আচার্য। সমৃদ্ধিতে সকলের প্রতি নিজেদের উসর্গ করে, শান্তিপূর্ণ সহাবস্থানের বন্ধনকে আরও দৃঢ় করার ভাব ও দিয়েছেন রাজ্যপাল লক্ষণ প্রসাদ। পাশাপাশি শান্তি, পারস্পরিক বিশ্বাস এবং শুভাকাঙ্ক্ষীতার মাধ্যমে ঈদ-উদ-জোহা পালন করতে ইসলাম ধর্মাবলম্বীদের কাছে অপিাল জানিয়েছেন তিনি। বাত্যায় তিনি লিখেছেন, ‘ উদযাপন আমাদের নিঃস্বার্থতা এবং ভক্তির মূল্যবোধ শেখায়। এই উঁসব উদযাপনের জন্য আমরা যখন একত্রিত হই তখন আসুন সুবিধাবঞ্চিতদের সাহায্য করতে আমাদের হাত বাড়িয়ে দেই।’

কৃষকদের সময়মতো বীজ বিতরণের আশ্বাস দিয়েছেন ত্রিপুরার কৃষিমন্ত্রী

বিশালগা (ত্রিপুরা),৭ জুন ঃ ত্রিপুরার কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী রতনলাল নাথ শুক্রবার এক অনুষ্ঠানে বক্তব্য রাখতে গিয়ে কৃষকদের সময়মতো বীজ বিতরণের আশ্বাস দিয়েছেন। অনুষ্ঠানে মন্ত্রী দপ্তরের কর্মীদের সময়মতো বীজ বিতরণ নিশ্চিত করার এবং যদি কোন সমস্যা থাকে তাহলে তা তাক্ষণিকভাবে মোকাবেলা করার নির্দেশ দিয়েছেন, যাতে চাষের সময় কৃষকরা কোনও অসুবিধার সম্মুখীন না হন। শুক্রবার সিপাহিজলা জেলার কমলাসাগর বিধানসভা কেন্দ্রের ফুলটিগ্রামে আয়োজিত বিকশিত কৃষি সংকল্প অভিযানে ভাষণ দেওয়ার সময় তিনি বলেন, সরকার কৃষকদের পাশে দৃঢ়ভাবে দাঁড়িয়ে আছে - কেবল কৃষিতেই নয়, মৎস্য, হাঁস-মুরগি, ফুল চাষ এবং উদ্যানপালনেও সরকার পাশে আছে। কৃষকদের প্রতি রাজ্য সরকারের প্রতিশ্রুতি পূনর্বাক্ত করে মন্ত্রী রতনলাল নাথ জোর দিয়ে বলেন, উন্নত ফলন এবং টেকসই কৃষির জন্য মাটি পরীক্ষা অপরিহার্য। সরকার সকল কৃষককে বিনামূল্যে এই পরিষেবা প্রদান করছে। প্রসঙ্গত, এই বিকশিত কৃষি সংকল্প অভিযান অষ্টম দিন অতিক্রম করল। এদিনের অনুষ্ঠানে কৃষি বিজ্ঞানী, কৃষি, মৎস্য ও প্রাণী সম্পদ উন্নয়ন দপ্তরের অধিকারিক এবং স্থানীয় কৃষকদের উপস্থিতি সাদা জাগিয়েছে। কৃষিমন্ত্রী দপ্তরের বিশেষজ্ঞদের সাথে আলোচনায় অংশগ্রহণ করেন।

উত্তর-পূর্ব রেল প্রশাসন কর্তৃক পূর্বে অবহিত নিম্নলিখিত ট্রেনগুলির রুট পরিবর্তন

গোরখপুর, ০৭ জুনঃ রেল প্রশাসন কর্তৃক পূর্বে অবহিত নিম্নলিখিত ট্রেনগুলির রুট পরিবর্তন, সংক্ষিপ্ত সমাপ্তি সংক্ষিপ্ত উপভিত এবং নিয়ন্ত্রণ এবং পুনঃস্থানীয় নিম্নলিখিত সংশোধনী আনা হয়েছে। রুট পরিবর্তন-১ থেকে ৪ জুলাই, ২০২৫ পর্যন্ত অমৃতসর থেকে চলাচলকারী ১৫২১২ অমৃতসর-দারভাঙ্গা এক্সপ্রেস ৩০ জুন থেকে ৪ জুলাই, ২০২৫ পর্যন্ত অমৃতসর থেকে পরিবর্তিত রুট রোজা-সীতা়াপুর -বুধওয়াল-গোভা-গোরখপুর-পানিওয়াওয়া-নারকায়াগঞ্জ-সাগৌলির পরিবর্তে পরিবর্তিত রুট রোজা-আলমনগর-মা বেলহা দেবী ধাম প্রতাপগড়-বারাগসী-ছাপড়া গ্রামীণ-মুজাফফরপুরের মাধ্যমে চালানো হবে। রুট পরিবর্তনের ফলে, এই ট্রেনটি সীতাপুর সিটি, সীতাপুর জং, বুধওয়াল, গোভা, বস্তি, গোরখপুর, কাগুনগঞ্জ, ঘুগলি, সিসওয়া, বাজার, খাড়া, বাগাল, হরিনগর, নারকায়াগঞ্জ, চানপাতিয়া, বেতিয়া স্টেশনে থামবে না।

- ১৫১০৯ ছাপড়া-মথুরা জং। ০২ এবং ০৪ জুলাই, ২০২৫-এ ছাপড়া থেকে চলমান এক্সপ্রেসটি নির্ধারিত রুটের পরিবর্তে ছাপড়া-ভাটনি-গোরখপুর-গোভা-আইশ্বা-কানপুর সেট্রা-এর পরিবর্তে পরিবর্তিত রুট ছাপড়া-ভাটনি-মাউ-বারানসী জং--বারানস-প্রয়াগরাজ জং--কানপুর সেট্রাল দিয়ে চলবে। রুট পরিবর্তনের ফলে এই ট্রেনটি

Name Change
I Balai Modak S/o - Lt. Surendra Nath Modak residing at Vill- Perakamgachchi P.O. Ranaghat P.S. Taherpur Dist. Nadia. My father's actual name is Surendra Nath Modak. That I have changed my father's name Suren Modak to Surendra Nath Modak. That Lt. Surendra Nath Modak & Lt. Suren Modak is the same & one identical person vide affidavit no 16354 of Judicial Magistrate 1st Class Ranaghat Nadia Dated 03/06/2025.

দল ছাড়লেন রাহানে!



মুম্বাই, ৭ জুনঃ আইপিএলের ১৮ বছরের ইতিহাসে প্রথমবার চ্যাম্পিয়ন হয়েছে বিরাট কোহলির আরসিবি। মেগা এই টুর্নামেন্টের সমাপ্তির পর শুরু হয়েছে মুম্বই টি-টোয়েন্টি লিগ। ৬ বছর পর ফিরেছে এই প্রতিযোগিতা। ‘ এই টি-টোয়েন্টি লিগে সূর্যকুমার যাদব, অজিঙ্ক রাহানেদের খেলতে হবে বলে ‘নিয়ম’ জারি করেছিল মুম্বই ক্রিকেট অ্যাসোসিয়েশন। সেই মতো রাজিও হয়েছিলেন অজিঙ্ক রাহানে। তবে জানা গিয়েছে, মুম্বই লিগের দল ছেয়েছেন তিনি। আইপিএলের পরেই এমন সিদ্ধান্ত নিয়েছেন রাহানে। মুম্বই ফ্র্যাঞ্চাইজি দল বাগ্গা রাষ্টার্সকে নেতৃত্ব দেওয়ার কথা ছিল রাহানের। দলের আইকন প্রেয়ার হিসেবেও নির্বাচিত হয়েছিলেন তিনি। কিন্তু আচমকাই এই টি-টোয়েন্টি প্রতিযোগিতা থেকে নিজেকে সরিয়ে নিয়েছেন ৩৭ বছরের এই ক্রিকেটার। আচমকা এমন সিদ্ধান্ত কেন নিলেন তিনি, তা অবশ্য জানা যায়নি। তাঁর পরিবর্তে নেতৃত্ব দিতে দেখা যাবে উইকেটকিপার-ব্যাটার আনঃদকে। এ তথ্য নিশ্চিত করেছে বান্ধা রাষ্টার্সের হেডকোচা প্রসঙ্গত, ৪ জুন থেকে শুরু হয়েছে এই প্রতিযোগিতার। ১২ জুন রয়েছে ফাইনাল।

নরওয়ে দাবা ২০২৫, গুরুেশ, হাম্পির তৃতীয় স্থান অধিকার

স্ট্যান্ডার্ডার, ৭ জুনঃ পাঁচবারের বিশ্বচ্যাম্পিয়ন ম্যাগনাস কার্লসেন তাঁর সপ্তম নরওয়ে দাবা শিরোপা জিতেছেন, আমেরিকান গ্র্যান্ডমাস্টার ফ্যাবিয়ানো কার্লয়ানা নরওয়ে দাবার ফাইনাল রাউন্ডে তারকা ভারতীয় খেলোয়াড় ডি গুরুেশকে হারিয়ে তিনটি পূর্ণ পয়েন্ট অর্জনের পর দ্বিতীয় স্থান পেয়েছেন। গুরুেশের জন্য এটি একটি অবিস্মরণীয় দিন ছিল, যিনি ২০১৮ সালের নরওয়ে দাবা চ্যাম্পিয়ন কার্লয়ানার বিরুদ্ধে প্রতিকূল অবস্থানে থাকার পর, ফিরে আসার চেষ্টা করেছিলেন, কিন্তু ভারতীয় খেলোয়াড়ের সময় ফুরিয়ে যাওয়ার সঙ্গে সঙ্গে তিনি একটি ভুল করে ফেলেন এবং তাত্ক্ষণিকভাবে বুঝতে পারেন যে তার সুযোগগুলি এক সেকেন্ডের মধ্যেই নষ্ট হয়ে গেছে। ঘড়িতে মাত্র দুই সেকেন্ড বাকি থাকতেই গুরুেশ করমর্দন করলেন এবং তারপর হতাশায় হাত দিয়ে মুখ ঢেকে ফেললেন। কার্লয়ানা ১৫.৫ পয়েন্ট নিয়ে দ্বিতীয় স্থান অধিকার করেন, আর গুরুেশ ১৪.৫ পয়েন্ট নিয়ে তৃতীয় স্থান অধিকার করেন।এরিগাহিসি ১২.৫ পয়েন্ট নিয়ে পঞ্চম স্থানে আছেন। নরওয়ে দাবার চূড়ান্ত অবস্থান - উম্মুক্ত বিভাগ ১মঃ ম্যাগনাস কার্লসেন - ১৬ পয়েন্ট, দ্বিতীয়ঃ ফ্যাবিয়ানো কার্লয়ানা - ১৫.৫ পয়েন্ট। ৩য়ঃ ডি. গুরুেশ - ১৪.৫ পয়েন্ট। ৪র্থঃ হিকার নাকুমুরা - ১৪ পয়েন্ট ৫মঃ অর্জুন এরিগাহিসি - ১৩ পয়েন্ট। ৬ষ্ঠঃওয়েই ই - ১৫.৫ পয়েন্ট। মহিলাদের বিভাগে দুইবারের বিশ্ব ব্লিটজ চ্যাম্পিয়ন, ইউক্রেনের আনা মুজিক, আর্মাগেডন টাই-ব্রেকে ফাইনাল রাউন্ডে ভারতের আর. বৈশালীর কাছে হেরে যাওয়ার পরেও ১৬.৫ পয়েন্ট নিয়ে শিরোপা জিতেছেন। নবম রাউন্ডের পর ১৩.৫ পয়েন্ট থাকা হাম্পি সালা টুকরো দিয়ে ড্র করে মাত্র এক পয়েন্ট অর্জন করতে পেরেছিলেন। আরমাগেডন টাই-ব্রেকে চিনা বিশ্ব চ্যাম্পিয়ন ওয়েঞ্জুনকে পরাজিত করে ১.৫ পয়েন্ট অর্জন করে আরও একটি অর্থ পয়েন্ট অর্জন করেন এবং ১৫ পয়েন্ট নিয়ে শেষ করে তৃতীয় স্থান পেয়েছেন।

বেঙ্গালুরু পদপিষ্ট কাণ্ড, দুই পদাধিকারীর পদত্যাগ

বেঙ্গালুরু, ৭ জুনঃ কর্ণাটক রাজ্য ক্রিকেট অ্যাসোসিয়েশনের সম্পাদক এ. শঙ্কর এবং কোষাধ্যক্ষ ই. জয়রাম পদত্যাগ করেছেন। রয়্যাল চ্যালেঞ্জার্স বেঙ্গালুরু'র বিজয় উৎসবের সময় এম. চিন্নাশ্বামী স্টেডিয়ামের কাছে পদপিষ্ট কাণ্ডের নৈতিক দায় নিয়ে দুজনেই পদত্যাগ করেছেন বলে জানা গেছে। এক যৌথ বিবৃতিতে, শঙ্কর এবং জয়রাম বলেছেন যে, গত দুই দিনে ঘটে যাওয়া অপ্রত্যাশিত এবং দুর্ভাগ্যজনক ঘটনায় আমাদের ভূমিকা খুবই সীমিত ছিল, তবুও নৈতিক দায়িত্ব গ্রহণ করে, আমরা কর্ণাটক রাজ্য ক্রিকেট অ্যাসোসিয়েশনের সম্পাদক এবং কোষাধ্যক্ষের পদ থেকে পদত্যাগপত্র জমা দিয়েছি। উল্লেখ্য, এই পদপিষ্ট হওয়ার ঘটনায় ১১ জন প্রাণ হারিয়েছেন, এবং আহত আরও অনেকে।

ভারত-ইংল্যান্ড টেস্ট সিরিজ শচীন-অ্যাভারসনের নামেই

৭ জুনঃ দীর্ঘ টালবাহানার পর ভারত-ইংল্যান্ড টেস্ট সিরিজের নাম বদলে ফেলার সিদ্ধান্তেই শিলমোহর দিল দুই দেশের ক্রিকেট বোর্ড। সূত্রের খবর, দুই দেশের মধ্যকার টেস্ট সিরিজের টুফির নাম হতে চলছে শচীন ওভেলুকের এবং জেমস অ্যাভারসনের নামেই। পতৌদিকে ছেঁটে ফেলে দুই কিংবদন্তির নামে টুফির নামকরণের সিদ্ধান্ত চূড়ান্ত করে ফেলেছে বিসিসিআই এবং ইংল্যান্ড ক্রিকেট বোর্ড।২০ জুন থেকে শুরু হতে চলছে ভারতীয় দলের ইংল্যান্ড সিরিজ। এতদিন ভারত-ইংল্যান্ড সিরিজের নাম ছিল পতৌদি টুফি। ভারত ও ইংল্যান্ডের মধ্যকার প্রথম টেস্ট ম্যাচের ৭৫তম বার্ষিকী উপলক্ষে ২০০৭ সালে এই টুফি প্রথমবার দেওয়া হয়। মেরিলিবোর্ন ক্রিকেট ক্লাবের উদ্যোগে টুফির নামকরণ করা হয়েছিল।

আউট হয়েও ফিরতে নারাজ! মাঠেই দাঁড়িয়ে রইলেন অলম্পায়ারের উপর ‘অসম্ভুট’ যশস্বী

৭ জুনঃ ব্যাটে নেই রান। এদিকে মেজাজ গরম। ইংল্যান্ডে যশস্বী জয়সওয়ালের অবস্থা অনেকটা এরকম। ইংল্যান্ডের বিরুদ্ধে টেস্টের আগে দ্বিতীয় প্রস্তুতি ম্যাচে আউট হলেন মাত্র ১৭ রানে। তারপর ‘গোসা করে’ পিচেই দাঁড়িয়ে রইলেন। একটু দেরিতে মাঠ থেকে বেরোলেন টিকই। তবে তিনি যে অসম্ভুট, সেটা পরিস্কার বোঝা যাচ্ছিল।

ইংল্যান্ড লায়ন্সের বিরুদ্ধে দ্বিতীয় বেসরকারি টেস্টে সেঞ্চুরি হাকিয়েছেন কেএল রাহুল। কিন্তু তাঁর সতীর্থ ওপেনার যশস্বী আউট হন ২৫ বলে ১৭ রানে। ম্যাচে তখন মাত্র সপ্তম ওভার চলছে। ক্রিস ওকসের ইনসুইঙ্গার সোজা এসে আছড়ে পড়ে যশস্বীর পায়ে। অলম্পায়ার আউট দিতে দেরি করেননি। যেহেতু ডিআরএস নেই, তাই রিভিউ চাওয়ার উপায় নেই। এই পরিস্থিতিতে পিচের উপরই দাঁড়িয়ে থাকেন যশস্বী। হাত দিয়ে বুঝিয়ে দেওয়ার চেষ্টা করেন, বলাট লেগ স্টাম্প মিস করত। কিন্তু তাতে অলম্পায়ারের সিদ্ধান্ত বদলায়নি। প্রায় ১০ সেকেন্ড এভাবে দাঁড়িয়ে থাকার পর প্যাটলিয়নের দিকে হাটা শুরু করেন ২৬ বছর বয়সি ভারতীয় তারকা তার মধ্যে ইংল্যান্ড ক্রিকেট ভক্তদের সংগঠন বার্মি আর্মি আউটের ভিডিও পোস্ট করে সোশাল মিডিয়াতেও বিবাদ বাড়িয়েছে। প্রথম বেসরকারি টেস্টের প্রথম ইনিংসে মাত্র ২৪ রান



কেএল রাহুল নিজের লক্ষ্যে ছিলেন অবচল। তিনি করেন ১১৬ রান। দিনের শেষে ভারতীয় এ দলের রান ৭ উইকেট ৩১৯। উল্লেখ্য, ২০ জুন থেকে শুরু হবে ভারতের পাঁচ টেস্টের ইংল্যান্ড সিরিজ। গত শুক্রবার ইংল্যান্ড লায়ন্সের দ্বিতীয় ওয়ার্ম আপ ম্যাচে প্রথমে ব্যাটিং করতে নেমে শুরুতেই যশস্বী জয়সওয়ালের (১৭) উইকেট হারায় ভারত। যদিও এদিন ওপেন করতে নামা কেএল রাহুল নিজের লক্ষ্যে ছিলেন অবচল। কোনওভাবেই তাকে টলাতে পারেননি ইংল্যান্ড লায়ন্সের বোলাররা। ঐশ্বের্য পরীক্ষায় সসম্মানে উত্তীর্ণ হয়ে সেঞ্চুরি হাকান তিনি। তিনি করেন ১১৬ রান।

রাহুল ছাড়াও এদিনও রান পেয়েছেন প্রথম ওয়ার্ম আপ ম্যাচের ‘হিরো’ করুণ নায়ায় (৪০)। ধ্রুব জুড়লে ভালো খেলতে খেলতে ৫২



রানের মাধ্যম সাজঘরে ফেরেন। রান পাননি বাংলার ক্রিকেটার অভিমন্যু ঈশ্বরণ (১১)। দিনের শেষে ভারতীয় এ দলের রান ৭ উইকেট ৩১৯। ২০ জুন থেকে শুরু হবে ভারতের পাঁচ টেস্টের ইংল্যান্ড সিরিজ। প্রথম টেস্ট লিডসে। ২ জুলাই থেকে এজবাস্টনে দ্বিতীয় টেস্ট। লর্ডসে তৃতীয় টেস্ট হবে ১০ জুলাই থেকে। ২৬ জুলাই থেকে চতুর্থ টেস্ট ম্যাকেষ্টারের ওল্ড ট্র্যাফোর্ডে। শেষ টেস্ট ৩১ জুলাই থেকে, ওভালে। তার আগে নিজেকে যাচাই করে নেওয়ার পরীক্ষায় একেবারে একশোয় একশো পেলেন কেএল রাহুল।

বিশ্বের সবচেয়ে দামি গোলরক্ষক বর্তমানে কে, সেরা দশে কারা

৭ জুনঃ সাধারণত এই প্রশ্নের একটিই উত্তর। দলবদলের বাজারে এখন পর্যন্ত সবচেয়ে দামি দাম পেয়েছেন যিনি। সেই নামটা অবশ্য এই মুহূর্তে ছুঁতে কারও মনে আসার কথা না। ২০১৮ সালে ৮ কোটি ইউরো ট্রান্সফার ফিতে অ্যাথলেটিক বিলবাও থেকে আরিজাবালাগা। ফুটবল ইতিহাসে তার চেয়ে বেশি দামে বিক্রি করেন আর কোনো গোলরক্ষক। সেই হিসাবে কেপাই এখন পর্যন্ত বিশ্বের সবচেয়ে দামি গোলরক্ষক। কিন্তু ৭ বছরের চুক্তিতে চেলসিতে যাওয়ার পর নিজের নাম ও নামের প্রতি খুব কমই সুবিচার করতে পেরেছেন কেপা। ৭ বছরের চুক্তি করেছিল চেলসি তাঁর সঙ্গে। কিন্তু প্রথম কয়েক বছর পরেই চেলসি একাদশে ব্রাত্য হয়ে পড়েন স্প্যানিশ এই গোলরক্ষক। হয়ে যান চেলসির বোঝা। পরে ২০২৩-২৪ মৌসুমে তাকে ধারে রিয়াল মাদ্রিদে পাঠায় চেলসি। সেই মৌসুম শেষে আবার তাকে এক বছরের জন্য ধারে পাঠানো হয় বার্নামাউখে। সেই ধারের মেয়াদও শেষ হয়েছে এই মৌসুমে। এই বছর জুনে শেষ হবে চেলসির সঙ্গে তাঁর ৭ বছরের চুক্তিও। এরপর কেপা কোথায় যাবেন, সেটা এখনো অনিশ্চিত। তার মানে ইতিহাসের সবচেয়ে দামি গোলরক্ষক এখন প্রায় দলহীন, ঠিকানা খুঁজে

বেড়াচ্ছেন। খুব স্বাভাবিকভাবেই এই সময়ে কেপার বাজারমূল্য নেমেছে তলানিতে। যার অর্থ, ট্রান্সফার ফিতে ইতিহাসের সবচেয়ে দামি গোলরক্ষক হলেও বাজারমূল্যে এখন কেপা অনেক পেছনে। কতটা পেছনে? ফুটবলের দলবদল-বিষয়ক ওয়েবসাইট ট্রান্সফারমার্কেট কাজ করে ফুটবলারদের যাবতীয় তথ্য-উপাত্ত নিয়ে। তারা ফুটবলারদের বাজারমূল্যও বিচার করে। যেটা করা হয় ফুটবলারদের সাম্প্রতিক পারফরম্যান্স, বয়স, বাজারে তাঁর চাহিদা এসব বিশ্লেষণ করে। সেই হিসেবে ট্রান্সফারমার্কেট বলছে, এখন কেপার বাজারমূল্য মাত্র ১ কোটি ১০ লাখ ইউরো, এবং বাজারমূল্যে গোলকিপারদের মধ্যে এখন কেপার অবস্থান ৫১ নম্বরে। তাহলে এই মুহূর্তে বাজারমূল্যে খেলা ছেড়েছেন আরও আগে। ২০০১-০২ মৌসুমে পার্মা থেকে তাকে কেনার জন্য সে সময়ের রেকর্ড ৫ কোটি ২৮ লাখ ইউরো খরচ করেছিল জুভেন্টাস। বৃফনের পরের অবস্থানে থাকা আন্দ্রে ওনানা ইন্টার মিলান থেকে ৫ কোটি ইউরোতে ম্যানচেস্টার ইউনাইটেডে যোগ দিয়েছিলেন ২০২৩-২৪ মৌসুমে। ‘রেড ডেভিল’দের হয়ে খুব আছাড়বি কিছু করতে না পারায় এক মৌসুমেই তাঁর বাজারমূল্য কিছুটা কমে গেছে, এখন যেটা প্রায় ৩ কোটি ইউরো।

প্রথম টেস্টে নামার আগে সসম্মানে পাশ ভারতীয় ওপেনার কে এল রাহুল



৭ জুনঃ আর মাত্র ক’টা দিন। তারপরেই শুরু ভারত-ইংল্যান্ড টেস্ট সিরিজ। তার আগে ইংল্যান্ড লায়ন্সের সঙ্গে প্রস্তুতিতে মগ্ন ভারতীয় ‘এ দল। সেই দলে রয়েছে কেএল রাহুল। তিনি নিজেকে ভালোভাবে ব্যালিয়ে নেওয়ার জন্য কেএল রাহুল নিজের লক্ষ্যে ছিলেন অবচল। কোনওভাবেই তাকে কাজে গিয়েছিলেন, তাতে পুরোপুরি সফল। শুক্রবার ইংল্যান্ড লায়ন্সের দ্বিতীয় ওয়ার্ম আপ ম্যাচে প্রথমে ব্যাটিং করতে নেমে শুরুতেই যশস্বী জয়সওয়ালের (১৭) উইকেট হারায় ভারত। যদিও এদিন ওপেন করতে নামা কেএল রাহুল নিজের লক্ষ্যে ছিলেন অবচল। কোনওভাবেই তাকে টলাতে পারেননি ইংল্যান্ড লায়ন্সের বোলাররা। ঐশ্বের্য পরীক্ষায় সসম্মানে উত্তীর্ণ হয়ে সেঞ্চুরি হাকান তিনি। তিনি করেন ১১৬ রান। রাহুল ছাড়াও এদিনও রান পেয়েছেন প্রথম ওয়ার্ম আপ ম্যাচের ‘ করুণ নায়ায় (৪০)। ধ্রুব জুড়লে ভালো খেলতে খেলতে ৫২ রানের মাধ্যম সাজঘরে ফেরেন। রান পাননি বাংলার ক্রিকেটার অভিমন্যু ঈশ্বরণ (১১)। প্রতিবেদন লেখা পর্যন্ত ভারত ৫ উইকেট হারিয়ে ২৮০ রান করেছে। ২০ জুন থেকে শুরু হবে ভারতের পাঁচ টেস্টের ইংল্যান্ড সিরিজ। প্রথম টেস্ট লিডসে। ২ জুলাই থেকে এজবাস্টনে দ্বিতীয় টেস্ট। লর্ডসে তৃতীয় টেস্ট হবে ১০ জুলাই থেকে। ২৬ জুলাই থেকে চতুর্থ টেস্ট ম্যাকেষ্টারের ওল্ড ট্র্যাফোর্ডে। শেষ টেস্ট ৩১ জুলাই থেকে, ওভালে। তার আগে নিজেকে যাচাই করে নেওয়ার পরীক্ষায় একেবারে একশোয় একশো পেলেন কেএল রাহুল।

ট্রেনেই বিনা চিকিৎসায় বেঘোরে প্রাণ হারালেন দিব্যাজ্জ ক্রিকেটার



গোয়ালিয়র, ৭ জুনঃ ছতিশগড় এক্সপ্রেসে ঘটনা! দিল্লি থেকে গোয়ালিয়র যাচ্ছিলেন বিশেষভাবে সক্ষম এক ক্রিকেটার। বিক্রম সিং নামের ওই ক্রিকেটার ট্রেনেই বিনা চিকিৎসায় প্রাণ হারিয়েছেন। ৬৮ বছর বয়সি ওই ক্রিকেটার হুইলচেয়ার ক্রিকেট প্রতিযোগিতায় খেলতে দিল্লি থেকে গোয়ালিয়র যাচ্ছিলেন। মাঝপথে শারীরিক অবস্থার অবনতি ঘটে তাঁর। তাঁর সতীর্থরা বারবার রেলের হেল্পলাইন নম্বরে ফোন করেও কোনও সাহায্য পাননি বলে অভিযোগ। বেঘোরে তিনি প্রাণ হারান মথুরা স্টেশনে পৌঁছানোর আগেই। বুধবার রাতে হজরত নিজামুদ্দিন স্টেশন থেকে ছতিশগড় এক্সপ্রেসে ওঠেন বিক্রম-সহ তাঁর সতীর্থরা। ট্রেন ছাড়ার পরপরই তিনি তীব্র ব্যথা অনুভব করেন। শারীরিক অবস্থারও অবনতি হতে থাকে দ্রুত। রিপোর্ট অনুযায়ী, তাঁর ৪.৫৮ মিনিটে রেলওয়ে হেল্পলাইনে জরুরি চিকিৎসা সহায়তার চেয়ে কল করা হয়। বেশ কয়েকবার ফোন করার পরেও কোনও সাহায্য পাওয়া যায়নি। ট্রেনটি প্রায় ৯০ মিনিট দেরিতে সকাল ৮.১০ মিনিটে মথুরা স্টেশনে পৌঁছায়। ততক্ষণে প্রাণ হারিয়েছেন বিক্রম। তাঁর এক সতীর্থর কথায়, আমাদের চোখের সামনেই যন্ত্রণায় কাতরাচ্ছিলেন বিক্রম। আমরা সাহায্য চেয়ে বারবার ফোন করেছিলাম। কিন্তু কোনও সাহায্য পাইনি। জানা গিয়েছে, মথুরা স্টেশনের জিআরপি ট্রেন থেকে বিক্রমের শবদেই নামিয়ে ময়নাতদন্তের জন্য পাঠিয়েছে। তবে এমন একটি ঘটনা প্রশ্নের মুখে দাঁড় করিয়ে দিয়েছে রেলের এমারজেন্সি মেডিক্যাল সিস্টেমকে। উপযুক্ত সময়ে কেন চিকিৎসা সহায়তা পৌঁছায়নি, তা নিয়ে শুরু হয়েছে তদন্ত।

ফরাসি ওপেন থেকে ছিটকে যেতেই জল্পনা উসকে দিলেন জোকোভিচ

৭ জুনঃ রোলা গারোয় তখন প্রায় সাড়ে তিনঘণ্টার ম্যাচ সদ্য শেষ হয়েছে। রুদ্রশাস ম্যাচে নোভাক জোকোভিচকে হারিয়ে ফাইনালের টিকিট ছিনিয়ে নিয়েছেন জানিক সিনার। কিট গুছিয়ে পিচ থেকে বেরিয়ে যাচ্ছেন জোকোভিচ। কিন্তু তারপর সার্বিয়ান তারকা যা করলেন, তার জন্য তৈরি ছিল না টেনিস দুনিয়া। পরে জোকোভিচের কথাতেও উঠে এল অবসর জল্পনা। ৩ ঘণ্টা ১৬ মিনিটের যুদ্ধে সিনার জেতেন ৪-৬, ৫-৭, ৬-৭ (৩) ব্যবধানে। ম্যাচের পর জোকোভিচ কিবাবাগ নামিয়ে রাখেন লাল সুরকির কোর্টে। দর্শকদের উদ্দেশ্যে হাত ডুলে যেন ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান। রোলা গারো তখন



হাততালিতে ফেটে পড়ছে। হ্যাঁ গোর্ডে লাল মাটি ছুঁয়ে দেখেন জোকোভিচ। পরে ৬৮ বছর বয়সি তারকা বলেন, আমি জানি না, এটাই আমার এখানে শেষ ম্যাচ কি না। তাই শেষবেলায় একটা আবেগপূর্ণ হয়ে পড়েছিলাম। কিন্তু এটাই যদি আমার শেষ ম্যাচ হয়, তাহলে শেষটা ভালোই হল। দর্শকরা এক অসাধারণ পরিবেশ তৈরি করেছিলেন। আমার এখানে তৈরিতে তো চাই। কিন্তু ১২ মাস অনেকটা সময়। ফরাসি ওপেন অভিযান শেষ হওয়ায় প্রথম টেনিস প্রেয়ার হিসাবে সিদ্ধলসে ৫৫ গ্র্যান্ড স্ল্যাম জয়ের লক্ষ্য রোলা গারোয় পূরণ হচ্ছে না সার্বিয়ান মহাতারকার। ফাইনালে সিনারের প্রতিপক্ষ কার্লোস আলকারাজ। এদিন অন্য সেমিফাইনালে ইতালির লরেঞ্জো মুসেত্তি চোটের জন্য ওয়াকওভার দেন গতবারের চ্যাম্পিয়নকে। দ্বিতীয় বাছাই আলকারাজের বিরুদ্ধে লরেঞ্জো প্রথম সেটে জয়ী হন। দ্বিতীয় সেট টাইব্রেকারে জিতে ম্যাচে ফিরে আসেন আলকারাজ। তৃতীয় সেটে মুসেত্তিকে দাঁড়াতে না দিয়ে জয়ী হন স্প্যানিশ তারকা। এরপরই চোটের কবলে পড়েন মুসেত্তি। আলকারাজ ৪-৬, ৭-৬ (৭-৬), ৬-০, ২-০ অবস্থায় এগিয়ে থাকার সময় ম্যাচ থেকে সরে দাঁড়ান মুসেত্তি। শনিবার ফরাসি ওপেনে মহিলাদের সিঙ্গলসে মুখোমুখি বিশ্বের একনম্বর আরিানা সাবালেকা বনাম দুই নম্বর কোকো গফ।

ফুটবলের পথ ধরে ক্রিকেটেও চালু হবে ক্লাব বিশ্বকাপ

৭ জুনঃ উয়েফা চ্যাম্পিয়নস লিগ ফুটবলের আদলে একসময় হতো চ্যাম্পিয়নস লিগ টি-টোয়েন্টি, যেটিকে ক্লাব ক্রিকেটের বিশ্বকাপ হিসেবে বিবেচনা করা হতো। বিশ্ব ক্রিকেটের ‘তিন মোড়লের’ দুটি ভারতীয় ক্রিকেট বোর্ড (বিসিসিআই) ও ক্রিকেট অস্ট্রেলিয়া (সিএ) এবং তাদের সঙ্গে ক্রিকেট দক্ষিণ আফ্রিকা (সিএসএ) যৌথভাবে চ্যাম্পিয়নস লিগ টি-টোয়েন্টি আয়োজন করত। কিন্তু সেটিয়ামে দর্শকখরা, ক্রিকেটপ্রেমীদের আগ্রহের অভাব ও পৃষ্ঠপোষকদের অনগ্রহের কারণে ২০১৪ সালের পর তা আর হয়নি। প্রায় এক যুগ পর আবারও ক্লাব ক্রিকেটের বিশ্ব আসর ফেরানোর আলোচনা শুরু হয়েছে। বিশ্ব ক্লাব চ্যাম্পিয়নশিপ নামে নতুন রূপে ফিরতে পারে এই আসর। ক্রিকেট-বিষয়ক ওয়েবসাইট ইএসপিএন ক্রিকইনফোকে এমনটাই জানিয়েছেন বিশ্ব ক্রিকেটের আরেক প্রভাবশালী বোর্ড ইংল্যান্ড অ্যান্ড ওয়েলস ক্রিকেট বোর্ডের (ইসিবি) প্রধান নির্বাহী রিচার্ড গুল্ড। তিনি বলেছেন, আমাদের পরিকল্পনাতেই আছে নিঃসন্দেহে কোনো এক সময় সময়ে পুরুষ-নারী উভয়ের জন্য একটি বিশ্ব ক্লাব চ্যাম্পিয়নশিপ হবে। এটাই পরবর্তী

যৌক্তিক পদক্ষেপ।’ ২০০৮ সালে আইপিএলের পথচালা শুরু। তখন থেকেই বিশ্ব ক্রিকেটের হিসাব-নিকাশ বদলে যেতে থাকে। পৃথিবীর নানা প্রান্তে শুরু হয় ফ্র্যাঞ্চাইজি ক্রিকেট টুর্নামেন্ট। ২০০৯ সালে আলোর মুখ দেখে চ্যাম্পিয়নস লিগ টি-টোয়েন্টি। উয়েফা চ্যাম্পিয়নস লিগে যেমন শীর্ষ পাঁচ দেশের (ইংল্যান্ড, ইতালি, স্পেন, জার্মানি ও ফ্রান্স) লিগ থেকে বেশি ক্লাব অংশগ্রহণের সুযোগ পায়, চ্যাম্পিয়নস লিগ টি-টোয়েন্টিতে তেমন ভারতের আইপিএল থেকে

ন্যূনতম তিনটি (সর্বোচ্চ চারটি) দল খেলার সুযোগ পোত। কিন্তু এই টুর্নামেন্ট আইপিএলের মতো ততটা আগ্রহ তৈরি করতে পারেনি। ফলে ছয় বছরে ছয়টি (২০০৯ থেকে



২০১৪) আসর হওয়ার পর এটিকে বিলুপ্ত ঘোষণা করা হয়। ২০০৯ সালে রিচার্ড গুল্ড ইংলিশ কাউন্টি ক্লাব সমারসেটের প্রধান নির্বাহী ছিলেন। সেই বছর চ্যাম্পিয়নস লিগ টি-টোয়েন্টির উদ্বোধনী আসরে নিজদের প্রথম ম্যাচে তখনকার আইপিএল চ্যাম্পিয়ন ডেভান চার্জার্সকে হারিয়ে চমক দেখায়

গুন্ডের সমারসেট। গুন্ডের এখন মনে হচ্ছে, চ্যাম্পিয়নস লিগ টি-টোয়েন্টি যে সময় থেকে হওয়া উচিত ছিল, এর অনেক আগে শুরু হয়ে গিয়েছিল। ফলে আকর্ষণীয় হয়ে উঠতে পারেনি, ‘টুর্নামেন্ট সময়ের চেয়ে অনেক এগিয়ে ছিল। বাণিজ্যিকভাবে যে প্রত্যাশা ছিল, তার সঙ্গে তাই মেলাতে পারেনি। তবে সেটি খুব ভালো আলোচনা ছিল।’ যুক্তরাষ্ট্রে এ মার্চের ৩২ দল নিয়ে বৃহ পরিসরে শুরু হচ্ছে ফিফা ক্লাব বিশ্বকাপ। ২০২৮ সাল থেকে রাগবি ক্লাব বিশ্বকাপও চালু হবে।